১৬ পাতার সংখ্যা

দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 37 ■ Issue No. 18 ■ 4th May 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ADMISSION 2024-25
X/XII in 6 Months*
(বাংলা / English মাধ্যমে)
BA B.Sc. B.COM BBA
BCA PGDCA BLIS MA
M.Sc M.Com MBA MCA
এছাড়া Nursing WB (GNM- 2.5L, B.Sc. - 3.5L), D.Pharm- 1.3L, B.Pharm- 3.5L, B.Ed.- 1L, LLB- 1.5L, BA-LLB- 2L, B.Tech- 2.5L, Dip. Engg- 1.5L, প্যারামেডিকেল (B.Sc.- 1.5L, Diploma- 80K), Ph.D*- 3L-4L, MBBS*- 60L, BDS*- 6L, BAMS*- 9L, BHMS*- 8L, BUMS- 10L
*T & C apply
Mindmine Guidance
Branch
Kolkata (Moulali) : 7605057139, 7605057138 • Durgapur : 8420385571
Medinipur : 7595077659 • Siliguri : 94330 96967

স্টাফ সিলেকশনের এম.টি.এস ও হাবলদার পরীক্ষার মাধ্যমে

## কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার মাল্টি টাস্কিং স্টাফ ও হাবিলদার

**মাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' ও 'হাবিলদার' পদে প্রায় ১০ হাজার ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। চাকরি হবে জেনারেল সেন্ট্রাল সার্ভিস 'গ্রুপ-সি' নন-গেজেটেড নন মিনিস্ট্রিয়াল পদে।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা দুই পদের জন্যই আবেদন করতে পারেন। হাবিলদার পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি (গোর্খা ও তপশিলী উপজাতি হলে ১৫২.৫ সেমি), বুকের ছাতি অন্তত ৮১ সেমি (অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে)। মেয়েদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫২ সেমি (গোর্খা ও তপশিলী উপজাতি হলে ১৪৯.৫ সেমি) আর ওজন অন্তত

এরপর ১২ পাতায়

ICE Academy
WBCS প্রিমিয়াম কোর্স
SSC (CGL, CHSL, MTS)
PSC, রেল, কম্বাইন্ড
ক্লাসরুম ও অনলাইন
বালিগঞ্জ কেন্দ্র: 10 ও 19 মে
9804412898
7044517509

রেলে গ্রুপ 'ডি' ও নন-টেকনিক্যাল ক্যাটেগরিতে

## দেড় লাখ শূন্যপদের বিজ্ঞপ্তি জুন-জুলাইয়ে

রঞ্জিৎ ঘোষ, নয়া দিল্লি : সারা ভারতের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড বা, রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের মাধ্যমে রেলে গ্রুপ-ডি থেকে শুরু করে অ্যাসিস্ট্যান্ট লোকা পাইলট পদের জন্য এবার থেকে বছরে ৪ বার পরীক্ষা নেওয়া হবে। এজন্য রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড আগেই বার্ষিক ক্যালেন্ডার প্রকাশ করেছে। এর মধ্যে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে ৫,৬৯৬টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে ফেব্রুয়ারি মাসে। অন্যদিকে, টেকনিশিয়ান পদে ৯,১৪৪টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে, যার দরখাস্ত করার শেষ তারিখ ছিল, ১৮ এপ্রিল পর্যন্ত।

রেলের এন.টি.পি.সি., জুনিয়র ইঞ্জিনিয়ার ও প্যারামেডিক্যাল

এরপর ৪ পাতায়

## ৫ কেন্দ্রীয় পুলিশ সংস্থা ৫০৬ অফিসার নিচ্ছে

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ ও সশস্ত্র সীমা বল 'অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট' পদে ৫০৬ জন ছেলেমেয়ে নিচেছ।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। এন.সি.সি.'র 'বি' কিংবা 'সি' সার্টিফিকেট থাকলে বা, খেলাধুলোয় অসাধারণ দক্ষতা থাকলে ইন্টারভিউয়ে বাড়তি যোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে। বয়স হতে হবে ১-৮-২০২৪'র হিসাবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে অর্থাৎ,

এরপর ৪ পাতায়

২০১৯ সালের রেলের পরীক্ষার্থীদের

## রেলে গ্রুপ 'ডি' পদের পরীক্ষার ফী'র টাকা ফেরত

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : রেলের গ্রুপ-ডি (বিজ্ঞপ্তি নং আর.আর.সি. ০১/২০১৯, লেভেল -। পোস্ট) পদের জন্য যাঁরা পরীক্ষা ফী দিয়ে দরখাস্ত করে পরীক্ষা দিয়েছিলেন, তাঁদের পরীক্ষা ফী'র টাকা ফেরৎ পাওয়ার জন্য রেল রিক্রুটমেন্ট বোর্ড শেষবারের মতো সুযোগ দিচ্ছে। ২০১৯ সালে গ্রুপ-ডি পদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছিল। বিজ্ঞপ্তিতে উল্লেখ ছিল, সাধারণ প্রার্থীরা প্রথম পর্যায়ের পরীক্ষা দিয়ে থাকলে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী, মহিলা, সংখ্যালঘু বা, অর্থনৈতিকভাবে দুর্বল প্রার্থীরা২৫০ টাকা ফেরৎ পাবেন।

রেল কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি দিয়ে জানায়, প্রচুর সংখ্যক প্রার্থী দরখাস্তে ব্যাঙ্ক ডিটেলস ভুল দেওয়ার জন্য তাঁদের অ্যাকাউন্টে টাকা ফেরৎ পাঠানো যাচ্ছে না। এমনকী, অনেকে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং কিংবা ইউ.পি.আই.-এর

এরপর ২ পাতায়

ইউ.পি.এস.সি'র পরীক্ষার মাধ্যমে

## কেন্দ্রীয় সরকারে কোথায় কী কী চাকরি

নিজস্ব প্রতিনিধি : ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পদে সারা বছরই কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হয়। উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট যোগ্যতার ছেলেমেয়েরা পরীক্ষার জন্য দরখাস্ত করতে পারবেন।

২০২৪-২০২৫ সালের পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হবে এইসব পদে : (১) কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস, (২) ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি, (৩) সিভিল সার্ভিস প্রিলিমিনারি, (৪) ইঞ্জিনিয়ারিং সার্ভিস, (৫) ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস, (৬) সেন্ট্রাল পুলিশ ফোর্স (অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট), (৭) ইন্ডিয়ান ইকনমিক্স /ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস, (৮) জিওসায়েন্টিস্ট কোন পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে, দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ও পরীক্ষা পদ্ধতি ইত্যাদি নিচে দেওয়া হল :

এরপর ১৬ পাতায়

## মাদ্রাসার উত্তরপত্র বের করল কমিশন

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : মাদ্রাসা সার্ভিস কমিশনের 7th SLST (AT) TET-এর প্রথম থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত আর পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় যে পরীক্ষা এবছর ২৮ জানুয়ারি হল, তার উত্তরপত্র প্রকাশ করেছে কমিশন। উত্তরপত্রে কোনো প্রশ্নের ভুল উত্তর দেওয়া আছে মনে হলে, তিনি অভিযোগ জানাতে পারেন, ২৮ এপ্রিল থেকে ১৩ মে'র মধ্যে। প্রতিটি

এরপর ৪ পাতায়

ভেতরের পাতায় — পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আই.সি.ডি.এস সুপারভাইজর পদের ফল বেরোল

## এখন সবচেয়ে লাভজনক দোরগোড়ায় পণ্য সরবরাহ

**ব্যবসা**

কম পুঁজিতে নানা ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু

আধুনিক পৃথিবীতে সবাই ব্যস্ত। হাতে সময় কম। এহেনবস্থায় দোরগোড়ায় পণ্যসামগ্রী সরবরাহ করা, অত্যন্ত জনপ্রিয় ব্যবসা হয়ে দাঁড়িয়েছে। প্রচুর লাভজনক হওয়ায় প্রতিদ্বন্দ্বিতাও বেড়েছে। কে কত তাড়াতাড়ি সস্তায় তাজা সবজি, মাছ, মাংস, নানা খাবার, মুদিখানার সামগ্রী দোরগোড়ায় পৌছে দেবে, তার প্রতিযোগিতা শুরু হয়ে



এরপর ৬ পাতায়

## এবার ১০ ও ১১ মে মেদিনীপুর শহরে কর্মসংস্থান কেরিয়ার ফেয়ার

নিজস্ব প্রতিনিধি, পশ্চিম মেদিনীপুর : এবছর যাঁরা মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন, তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে উজ্জ্বল ভবিষ্যৎ তৈরি হবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো কেরিয়ার গড়া যায়? আর সারা দেশে চাকরির প্রেক্ষাপট কেমন বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে, আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার গাইডেন্স পেতে **কর্মসংস্থান** ও Appointment & Career News-এর উদ্যোগে ১০ ও ১১ মে শুক্র ও শনিবার মেদিনীপুর শহরের হসপিটাল রোডের কাছে জ্যাক পল রেসিডেন্সির ব্যাঙ্কোয়েট হল-এ হচ্ছে 'কেরিয়ার ফেয়ার'। উপস্থাপনায় সুখবর।

এরপর ২ পাতায়

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
Clerkship
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ৪০০/- টাকা
৩০০/- টাকা
সাফল্য
সাফল্য

https://t.me/VISION_ACADEMY_PDF

GIMS
www.gimsglobal.in

# GLOBAL INSTITUTE OF MANAGEMENT STUDIES

**Registered with MSME (Govt. of India)**

A Glorious 14 years Running Institute

We are associated with - SHARK edutech.com
define your future with us

**Hotel Management courses approved by**

## NATIONAL CENTRE FOR VOCATIONAL AND TECHNICAL EDUCATION (NCVTE)

**Reg: No. WB/NCVTE/N1047456**

# Hotel and Hospitality Management

**Courses offered :**

**6 Month / 1 year / 2 years**

নিজের রোজগারে ভবিষ্যৎ
গড়ে তোলার সুবর্ণ সুযোগ

কোর্স চলাকালীন 2 মাস পর থেকেই 15,000 টাকা পর্যন্ত ইনকাম করার সুযোগ

6 মাসের কোর্সের
ক্ষেত্রে থাকা-খাওয়া ফ্রি !!

Education Loan available
without interest

* T & C Apply



**Campus :** Lokenath Park, near Chinar Park (Atghara), Behind Aminia Restaurant, Kolkata - 700157
7980342318, 8420116843, 9163354871, 9875393007 | Ph. : 03328042616 | Toll Free No. 1800 202 2526

**Hooghly Office :** PUINAN (Opposite Punjab National Bank), Hooghly, 712305, 86/1/27/24, Nazrul Sarani, PIN-734001, M : 8388870044

**Siliguri Office :** Behind New Ramkrishna Seva Sadan, Siliguri, Ph.- 0353 4063419 // M : 7363805888

**Haldia Office :** Vill.: Brajanathchak, PO- Haldia Port, Dist.- East Medinipur, PS- Haldia, PIN- 721605 (Near Crystal Tower), Sec- 13 More. M : 7384162083

**Franchise নিতে আগ্রহী থাকলে Call / WhatsApp করুন : 9836243555**

https://t.me/VISION_ACADEMY_PDF

### কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত

## প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে।

প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটরি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে।

ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO), মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office). Ph. : 7001279061, 7602656588.

বহরমপুর স্টাডি সেন্টার : 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist. - Murshidabad, WB. Ph. : 6295273218, 6382415291. ওয়েবসাইট : www.sipto.org

ই-মেল : www.sipto19@gmall.com

6 মাসে সরকারিভাবে NIOS থেকে MP, HS গ্যারান্টি পাশ করুন
D.Pharm
নার্সিং : B.Sc. 2.5 Lakh
GNM 2 Lakh

ট্রেনিং শেষে 100% সরকারি চাকরির সুযোগ
WBNC & INC স্বীকৃত কলেজে ছেলেমেয়েদের ভর্তির সুযোগ
ITI ও Polytechnic-এ অল্প খরচে ভর্তি ও চাকরির সুযোগ
Paramedical : OT, ICU, DMLT, Physiotherapy, ECG, ANM
9083395622, বারাসাত 7980134830, কলকাতা : 9339279211,

## ৫ কেন্দ্রীয় পুলিশ সংস্থায়

১ পাতার পর

জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৯ থেকে ১-৮-২০০৪'এর মধ্যে। তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর আর কেন্দ্রীয় সরকারের এই ধরনের সংস্থার এই ক্যাডারের কর্মীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ সেমি, ফুলিয়ে ৮৬ সেমি আর ওজন অন্তত ৫০ কেজি কিংবা উচ্চতা অনুপাতে সামঞ্জস্যপূর্ণ। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি আর ওজন অন্তত ৪৬ কেজি বা, উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় দু'চোখে ৬/৯ কিংবা ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১২ আর কাছের বেলায় খারাপ চোখে N9 ও ভালো চোখে N6. এছাড়া ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, ট্যারা চোখ বা, বর্ণান্ধতা থাকলে আবেদন করবেন না। শারীরিক ও মানসিকভাবে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স ও সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সের বেলায় ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। বর্ডার সিকিউরিটি ফোর্সে ছেলেরা আবেদন করবেন। মোট শূন্যপদ : ৫০৬টি। এর মধ্যে বর্ডার সিকিউরিটি ফোর্সে ১৮৬টি, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সে ১২০টি, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সে ১০০টি, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশে ৫৮টি, সশস্ত্র সীমা বলে ৪২টি।

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। '২০২৪ সালের সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স (অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্টস) এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা, ৪ আগস্ট। প্রথম পত্রের পরীক্ষা হবে ১০টা থেকে ১২টা ও দ্বিতীয় পত্রের পরীক্ষা হবে ২টো থেকে ৫টা। পূর্ব-ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা, গ্যাংটক, কটক, দিসপুর (গুয়াহাটি), শিলঙ, জোরহাট, পটনা, আগরতলা, রাঁচি ও পোর্ট ব্লেয়ার।

লিখিত পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) জেনারেল এবিলিটি ও ইন্টেলিজেন্স টেস্ট। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। ২৫০ নম্বরের পরীক্ষা। সময় থাকবে ২ ঘন্টা। (২) জেনারেল স্টাডিজ, এসে, প্রেসি লেখা ও কম্প্রিহেনশন। ২০০ নম্বরের পরীক্ষা। সময় থাকবে ৩ ঘন্টা।

প্রথম পেপারে প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের এইসব বিষয়ে : (১) জেনারেল মেন্টাল এবিলিটি, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক সাম্প্রতিককালের ঘটনা, (৪) ভারতীয় রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৫) ভারতের ইতিহাস, (৬) ভারত ও বিশ্বের ভূগোল। দ্বিতীয় পেপারে ডেসক্রিপটিভ টাইপের প্রশ্ন থাকবে। অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। দু'টি পেপারেই আলাদাভাবে কোয়ালিফাইং নম্বর পেলে তবেই সফল হবেন। প্রথম পত্রের উত্তরপত্র প্রথমে দেখা হবে ও তাতে কোয়ালিফাইং নম্বর পেলে তবেই দ্বিতীয় পত্রের উত্তরপত্র দেখা হবে।

এরপর হবে শারীরিক মাপজোখ, ডাক্তারি পরীক্ষা ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে এই ৪টি ইভেন্ট : (১) ১০০ মিটার দৌড় — ছেলেদের বেলায় ১৬ সেকেন্ডে ও মহিলাদের বেলায় ১৮ সেকেন্ডে, (২) ৮০০ মিটার দৌড় — ছেলেদের ৩ মিনিট ৪৫ সেকেন্ডে ও মহিলাদের ৪ মিনিট ৪৫ সেকেন্ডে, (৩) লঙ জাম্প — ছেলেদের সাড়ে ৩ মিটার ও মহিলাদের ৩ মিটার, (৪) শট-পাট — শুধুমাত্র ছেলেদের ৭.২৬ কেজি ওজনের লোহার বল নিয়ে ৪.৫ মিটার। লঙ জাম্পে সফল হওয়ার জন্য ৩ বার সুযোগ পাবেন। সফল হলে ১৫০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টে পাওয়া নম্বর নিয়ে মেধা তালিকা তৈরি হবে। কবে, কোথায় পরীক্ষা হবে তা ওয়েবসাইটে পাবেন। তপশিলী প্রার্থীরা যাতায়াতের গাড়ি ভাড়া ফেরৎ পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 09/2024-CPF, Dated: 24-04-2024.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২০০ (মহিলা ও তপশিলীদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে চালানের মাধ্যমে অফলাইনে দিতে পারেন। অনলাইনে টাকা দিতে পারবেন নেট ব্যাঙ্কিং বা, ভিসা / মাস্টার কার্ড / ডেবিট কার্ডের মাধ্যমে। টাকা জমা দেওয়ার পর যাবতীয় স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করবেন। তারপর দরখাস্ত সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 011-23385271 /23381125/23098543. দরখাস্ত সংশোধন করতে পারবেন ১৫ মে থেকে ২১ মে'র মধ্যে।

বিজ্ঞাপন

কেন্দ্রীয় সরকারের অনুমোদিত 'ইন্ডিয়ান ন্যাশনাল মাল্টি এডুকেশন' ইনস্টিটিউট এর মাধ্যমে

ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টে ফ্রি কোর্স করিয়ে কয়েক হাজার চাকরি

(মাধ্যমিক পাশ ছেলে-মেয়েদের জন্য)

কেন্দ্রীয় সরকারের অনুমোদিত 'ন্যাশনাল সিলেকশন পোর্টাল সার্ভিস' (NSPS) এর উদ্যোগে 'ইন্ডিয়ান ন্যাশনাল মাল্টি এডুকেশন' এর মাধ্যমে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টে, সরকারি অনুমোদিত বা আধা-সরকারি ইনস্টিটিউটে বিনামূল্যে কোর্স করিয়ে কয়েক হাজার শূন্য পদে, চাকরির জন্য আবেদন পত্র জমা নেওয়া হচ্ছে। এই ব্যাচের বিজ্ঞপ্তি নম্বর 24/MT-04

**আসন সংখ্যা :** পিয়ন 1826টি, মাল্টি টাস্কিং স্টাফ 1442টি, রিসেপশনিস্ট 1856টি, হাউসকিপার 1248টি, প্লাম্বার 1753টি, অ্যাসিস্ট্যান্ট কুক 867টি, স্টুয়ার্ড 1864টি, ওয়েল্ডার 698টি, অয়লার 635টি ও সিম্যান 334টি। প্রার্থীর নিকটবর্তী ইনস্টিটিউটে কোর্স করার সুযোগ পাবেন। কোর্সের সময়সীমা থাকবে 12 মাস (ট্রেড অনুযায়ী), কোর্স সম্পূর্ণ হওয়ার পর স্থায়ী চাকরিতে যোগদান করতে পারবেন।

**শিক্ষাগত যোগ্যতা :** ন্যূনতম মাধ্যমিক পাস হতে হবে।

**বয়স :** 1লা জুন 2024 হিসাবে 18 থেকে 35 বছরের মধ্যে হতে হবে। তপশিলী এবং ও.বি.সি.'রা বয়সে 5 বছর ও 3 বছর ছাড় পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** শুধুমাত্র গ্রুপ ডিসকাশন এর মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। এজন্য কোন ধরনের লিখিত পরীক্ষা দেওয়া লাগবে না। নির্বাচিত হলে সবশেষে প্রার্থীর নিজের থানায় পুলিশ ভেরিফিকেশন করানো হবে। পুলিশ ভেরিফিকেশন সফল হওয়ার পর প্রার্থীদের জয়েন লেটার পাঠানো হবে রেজিস্ট্রি পোস্টের মাধ্যমে।

**বেতন :** কোর্স চলাকালীন স্টাইপেন পাবেন 10,000 টাকা প্রতি মাসে। তারপর পাবেন 30,700 টাকা প্রতি মাসে। কোর্স চলাকালীন থাকা ও খাওয়ার সুযোগ সুবিধা পাবেন সম্পূর্ণ ফ্রি তে।

**আবেদন পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে 29-শে এপ্রিল 2024 তারিখ থেকে 09-ই জুন 2024 তারিখের মধ্যে। এই ওয়েবসাইটে www.inmeboard.org এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। যেকোন বিষয়ের সাহায্যের জন্য যোগাযোগ করতে পারবেন হেড অফিসে, ঠিকানা- আইএনএমই ভবন, সেক্টর- 11, সিবিডি বেলাপুর, নাভি মুম্বাই, মহারাষ্ট্র- 400614. ফোন নম্বর- 022-6962-2245, 9088049721, 8584902385 অথবা এডমিন অফিসে, ঠিকানা- বেনফিশ মার্কেট, বাগুলা, ওয়েস্ট বেঙ্গল- 741502. ফোন নম্বর- 9830726880. আবেদন মূল্য, সম্পূর্ণ [illegible], প্রশিক্ষণ কেন্দ্রের তালিকা ও আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

বিজ্ঞাপন

### মাদ্রাসার উত্তরপত্র

১ পাতার পর

প্রশ্নের অভিযোগের জন্য ১,০০০ টাকা দিতে হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbmsc.com

### দেড় লাখ শূন্যপদের

১ পাতার পর

ক্যাটেগরিতে প্রায় ৫০ হাজার শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে জুন-জুলাই মাস নাগাদ। এছাড়াও গ্রুপ-ডি ও অন্যান্য পদে প্রায় ১ লাখের বেশি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে আগস্ট-সেপ্টেম্বর মাস নাগাদ।

## আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের চূড়ান্ত ফল বেরোল

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের (প্রোমোশনাল) (অঙ্গনওয়াড়ি কর্মী) পদের চূড়ান্ত ফল বেরোল। সফল হয়েছেন ৪০৯ জন প্রার্থী। এই পদের জন্য প্রথমে ৪০০ নম্বরের লিখিত পরীক্ষা হয়েছিল। তারপর ৫০ নম্বরের ভাইভা টেস্ট হয়। চূড়ান্ত তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের নম্বর দেখা হয়। সাধারণ প্রার্থীদের জন্য ন্যূনতম কোয়ালিফাইং নম্বর হয়েছে ২৫৫, ও.বি.সি.-এ ক্যাটেগরির জন্য কোয়ালিফাইং নম্বর ২১০, ও.বি.সি.-বি ক্যাটেগরির জন্য ২৩৫ নম্বর, তপশিলী জাতি ২১১ নম্বর, তপশিলী উপজাতি ১৮০ নম্বর, মেধাবী খেলোয়াড় ১৮৭, বধির প্রতিবন্ধী ১৭২, প্রতিবন্ধী (এল.ডি.সি.পি.) ২০২.৫ নম্বর। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.psc.wb.gov.in

### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

### চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

https://t.me/VISION_ACADEMY_PDF

ব্যবসা

# এখন সবচেয়ে লাভজনক দোরগোড়ায় পণ্য সরবরাহ

১ পাতার পর



সুকৃৎ বসু

গেছে! চোখের পলক ফেলতে না ফেলতে পণ্যসামগ্রী পৌঁছে যাচ্ছে দোরগোড়ায় ভাবা যায় না? রাত-বিরেতে যেকোনো সময় হোম ডেলিভারি দেওয়া হচ্ছে, চোখের পাতা ফেলার আগেই। ম্যাজিক মনে হয়। এই হোম ডেলিভারি বা ঘরের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার সামগ্রী, সবজি, মুদিখানার, স্টেশনারি বা ফুড আইটেম — প্রকারভেদও

যেমন আছে তেমন পদ্ধতি বা টার্মস, রেটও আলাদা আলাদা। এধরনের কাজে বা ব্যবসায় অনেক লোকের কর্মসংস্থানও হচ্ছে।

**কেন এই ব্যবসা জনপ্রিয়তা পাচ্ছে :**

(১) খুব কম পুঁজিতে এই ব্যবসা শুরু করা যায়, (২) আধুনিক কর্মব্যস্ততায় চাহিদা প্রচুর, (৩) অনেক কর্মসংস্থানের সুযোগ থাকে, (৪) ধাপে ধাপে উন্নতির প্রচুর সুযোগ থাকে। (৫) বিশেষ কোনো শিক্ষাগত যোগ্যতার দরকার নেই, (৬) ব্যবসার প্রকৃতি খুবই সহজ, (৭) চাহিদা অনেক। মোটামুটি বিনা খরচে বা সামান্য খরচে ঘরে বসে সামগ্রী পাওয়া।

**কীভাবে এ ব্যবসা কাজ করে :**

(১) পণ্যসামগ্রী বিবেচনা, (২) ওয়েবসাইট অ্যাপের মাধ্যমে অর্ডার নেওয়া। (৩) পেমেন্ট মোড সুনিশ্চিত করা — COD / Online Payment. (৪) ডেলিভারি স্ট্যাটাস জানা, অর্থাৎ কোথায় আছে কতক্ষণে পৌঁছতে হবে আর ডেলিভারি এক্সিকিউটিভের নাম। (৫) ডেলিভারি অফ আইটেম। (৬) সবশেষে পদ্ধতি কেমন লাগলো তার ফিড ব্যাক নেওয়া।

**হোম ডেলিভারি কি ফ্রিতে করা হয় :**

সাধারণত হোম ডেলিভারিতে সামান্য টাকা ধার্য্য করা হয় কিংবা অল্প পরিমাণ হলে কোনো টাকা নেওয়া হয় না। প্রতিদ্বন্দ্বিতা থাকায় একেক এজেন্সি একেকভাবে একে আকর্ষণীয় করে তোলে।

**কয়েকটি বিখ্যাত পণ্য সরবরাহকারী সংস্থা হল :**

(১) Blinkit : Grocery in 10 minutes, ১৩৬, আর. এন. গুহ রোড, বান্ধব নগর, দক্ষিণ দমদম, ৭০০০২৮। Blinkit কাস্টমার সার্ভিস ফোন নম্বর : +৯১ ১৮০০২০৮৮৮৮৮, Blinkit : 24 × 7.

(২) Bigbasket : www.bigbasket.com, রাজারহাট মেইন রোড, নতুন পাড়া, রাইগাছি, গোপালপুর, ৭০০১৩৫। কাস্টমার কেয়ার : ০৮০৬৮৩২৮৭৭৭।

(৩) Swiggy : www.swiggy.com, সল্ট লেক সিটি, সেন্টার ১, ডি সি ব্লক, সেক্টর ১, বিধাননগর, কলকাতা- ৭০০০৬৪। ফোন : ০৮০ ৪৭০৯ ১০৬৬।

এরকম অনেক সংস্থা আজকাল সুনামের সঙ্গে ব্যবসা করে চলেছে। এদের প্রত্যেকেরই আলাদা আলাদা অ্যাপ আছে, যা আগে থেকেই ডাউনলোড করে রাখা যায়। আইটেম লিস্ট / প্রাইস লিস্ট দেখে অনলাইন অর্ডার করা যায়। নিমেষের মধ্যে (মোটামুটিভাবে ১০ মিনিটের মধ্যেই) পণ্যসামগ্রী সরবরাহ করা হয়। অত্যন্ত সুন্দর ব্যবস্থা।

**কী কী পারমিট / লাইসেন্স লাগে এই ব্যবসায়:**

(১) ট্রেড লাইসেন্স, (২) কোম্পানি রেজিস্ট্রেশন, (৩) এমএসএমই রেজিস্ট্রেশন, (৪) বার্ষিক ৪০ লাখ টাকার ওপর লেনদেন হলে জিএসটি রেজিস্ট্রেশন, (৫) যদি ফুড ডেলিভারি থাকে এফএসএসএআই লাইসেন্স, (৬) প্যান, আধার কার্ড, ব্যাঙ্ক অ্যাকাউন্ট।

**কীভাবে শুরু করা যায় এই ব্যবসা :**

(১) কোনো বিনিয়োগ ছাড়াই এ ব্যবসা শুরু করা যায়। প্রাথমিক সব পারমিট জোগাড় করা। (২) পণ্য সরবরাহর পরিধি সুনির্দিষ্ট করা। (৩) এলাকা সুনির্দিষ্ট করা। ঘুরে ঘুরে মাসিক, সাপ্তাহিক, দৈনিক অর্ডার জোগাড় করা। (৪) বড়ো বড়ো রিটেলার / স্টোর্সের সঙ্গে যোগাযোগ করে গ্রসারি আইটেম / ফুড আইটেম / ভেজিটেবল আইটেম সংগ্রহ করার কন্ট্যাক্ট ঠিক করা। (৫) প্যাকেট করে ডেলিভারি দেওয়া। (৬) কাজের ফিডব্যাক নেওয়া। প্রথম প্রথম অনেক পরিশ্রম করে অর্ডার / খদ্দের জোগাড় করতে হয়। বিশ্বাস জন্মালে খদ্দেরও বাড়তে থাকে। আয় বাড়ার সঙ্গে পারমিট / লাইসেন্সও বাড়তে থাকে — এমএসএমই / জিএসটি / ফুড লাইসেন্স ইত্যাদিও। প্রয়োজন একাগ্রতা আর দৃঢ়তা। ব্যবসা বাড়ার সঙ্গে সঙ্গে লোকজন ও পরিকাঠামোও বাড়াতে হবে। আধুনিকতার ছোঁয়ায় ওয়েবসাইট অ্যাপ তৈরি করতে হবে। আজ প্রথম সারির সব প্রতিষ্ঠান ধাপে ধাপে কত উন্নত, কত মার্জিত আর পরিণত ম্যানেজমেন্ট স্কিলে নিমেষে পণ্য পৌঁছানোর এক বিশেষ আর্ট অর্জন করেছে।

**হোম ডেলিভারি কি লাভজনক :**

হোম ডেলিভারির মাধ্যমে পণ্য আনানো খুবই লাভজনক এইসব কারণে : (১) খুবই কম খরচে টাটকা জিনিস পাওয়া যায়। (২) প্রয়োজনে তাড়াতাড়ি পাওয়া যায়। (৩) অনলাইন বা ক্যাশেও পাওয়া যায়।

**অ্যাপ ডেভেলপমেন্ট :**

একটা অ্যাপ আপনার মুদি সরবরাহ ব্যবসার জন্য স্টোর ফ্রন্ট হিসাবে কাজ করে। এটি সম্ভাব্য খদ্দেরদের আপনার অফার করা মাধ্যমে ব্রাউজ করতে, অর্ডার দিতে আর অর্ডারটি সরবরাহ না হওয়া পর্যন্ত ট্র্যাক করতে সক্ষম করে। অ্যাপটির ইন্টারফেস ব্যবহারকারী-বান্ধব হওয়া উচিত। আর মসৃণ গ্রাহক অভিজ্ঞতা দেওয়া উচিত।

**ইন্টিগ্রেটেড সফ্টওয়্যার :** একটি সফ্টওয়্যারের মাধ্যমে প্রতিটি দোকানের জন্য ডেলিভারি সিস্টেম বিশেষভাবে তৈরি করা যাতে সব ডেলিভারি পরিচালনা করা যায় আর সরাসরি সরবরাহকারীদের কাছ থেকে শিপমেন্টের অর্ডার আর বিতরণ পরিচালনা করবে।

**এ ব্যবসায় কিছু জিনিস লক্ষ্য রাখা :**

ডেলিভারি ড্রাইভার নিয়োগের সময় অবশ্যই লক্ষ্য রাখতে হবে, বৈধ ড্রাইভিং লাইসেন্স আর ১টি পরিষ্কার ড্রাইভিং রেকর্ড রয়েছে। খদ্দেরদের সঙ্গে কথাবার্তার সময় মার্জিত ব্যবহার থাকা দরকার। কারণ তাঁরাই আপনার ব্যবসা ছড়ানোর মুখ।

**উপসংহার :**

একালে পণ্য সরবরাহ করা খুবই লাভজনক। তবে আজকের বাজার অত্যন্ত প্রতিযোগিতামূলক। এখানে অ্যামাজন, ওয়ালমার্ট আর টার্গেটের মতো বড়ো বড়ো সব কোম্পানি এরমধ্যেই জাঁকিয়ে বসে আছে। তবে একাগ্রতা, লড়াকু মনোভাব নিয়ে এগোলে অবশ্যই সাফল্য আসবে। এ ব্যবসার সবচেয়ে ভালো দিক হল খুবই অল্প বিনিয়োগে ব্যবসা শুরু করা যায় আর ধাপে ধাপে শিখরে ওঠা যায়।

## কৃষিবিদ্যায় প্রভাবশালী ভবিষ্যত গড়তে কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত

# টেগোর স্কুল অফ রুরাল ডেভেলপমেন্ট অ্যান্ড অ্যাগ্রিকালচার ম্যানেজমেন্টের ভূমিকা অনস্বীকার্য

**সৈকত হালদার, কল্যাণী :** প্রগতিশীল উন্নয়নের ব্যাপকতায় যে মুষ্টিমেয় ভিত্তিসমূহ বিশালাকায় ভারতবর্ষকে সর্বাঙ্গীন প্রেক্ষাপটে ত্বরান্বিত করেছে তার মধ্যে কৃষিবিজ্ঞান অন্যতম। এই ধারণার বশবর্তী হয়ে ও কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অনুমোদনে অনুপ্রাণিত হয়ে টেগোর স্কুল ২০১০ সালে তাদের প্রথম প্রাতিষ্ঠানিক ভিত্তিপ্রস্তর স্থাপন করে কল্যাণীর মাটিতে. যা পশ্চিমবঙ্গের কৃষি শিক্ষা প্রসারের ইতিহাসে একটি সর্বকালীন বিশেষ নজির। উল্লেখ্য, এটি পশ্চিমবঙ্গে প্রথম ডিপ্লোমা কৃষি শিক্ষা প্রতিষ্ঠান। এটি জনসংখ্যার একটি উল্লেখযোগ্য অংশকে সঠিক কর্মসংস্থানের পথে চালিত করে। তাই গুরুত্বপূর্ণ জীবিকার সন্ধানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে প্রচুর শিক্ষার্থী এই পঠনপাঠনে অংশগ্রহণ করছে। এই উদ্দেশ্যকে মাথায় রেখে টেগোর স্কুল অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে তৈরি করেছে তাদের পাঠক্রম। মূলত ২টি ক্ষেত্রে তারা ২ বছরের ডিপ্লোমা কোর্স নিয়ে এসেছে : (১) রুরাল ডেভেলপমেন্ট অ্যান্ড অ্যাগ্রিকালচার ম্যানেজমেন্ট, (২) অ্যানিম্যাল সায়েন্স অ্যান্ড অ্যাকোয়া ম্যানেজমেন্ট। যেগুলির মাধ্যমে শিক্ষার্থীরা তাদের উজ্জ্বল ভবিষ্যত গঠনে সক্ষম হবে।

যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। স্নাতক পাশ হলে ভালো হয়। এ কথা বলাই বাহুল্য যে, টেগোর স্কুল কৃষিবিজ্ঞানের খ্যাতিসম্পন্ন শিক্ষক / শিক্ষিকা নিয়োগের মাধ্যমে এখানকার প্রত্যেক ছেলেমেয়েকে অভাবনীয় শিক্ষামূলক কর্মযজ্ঞে সামিল হয়েছে। গঠনমূলক শিক্ষা প্রদানের পাশাপাশি টেগোর স্কুল কর্তৃপক্ষ দেশের বিভিন্ন স্বনামধন্য সংস্থাগুলির সঙ্গে প্লেসমেন্ট স্ট্র্যাটেজিক 'টাই-আপ' করেছে। যেমন বেয়ার, কৃষি রসায়ণ, ইউনাইটেড ফসফরাস লিমিটেড, বায়োস্টেট, টাটা র‍্যালিস, সিনজেন্টা, ইন্ডোফিল, পানসিডস ও বিভিন্ন জাতীয় ও বহুজাতিক ফার্টিলাইজার, পেস্টিসাইড ও সীডস কোম্পানি। কোর্স শেষে এখানকার ছেলেমেয়েরা 'ক্যাম্পাস ইন্টারভিউ'এর মাধ্যমে ওপরের সব সংস্থাতে নিশ্চিত চাকরির সুযোগ পায়। ৬ - ৮ সপ্তাহের 'ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং'এর মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের শিক্ষার ব্যবহারিক প্রয়োগ কাজে লাগিয়ে ভালো প্লেসমেন্ট পায়। শুধু তাই নয় সব ছাত্রছাত্রীরাই NABARD'এর সহযোগিতায় অ্যাগ্রি ক্লিনিক, অ্যাগ্রি বিজনেস সেন্টার স্থাপন করার অনুমোদন পাবে - যা ভবিষ্যতে তাদেরকে নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করবে।

ভরতির জন্য যোগাযোগ করুন : Tagore School of Rural Development and Agriculture Management, Kalyani, Nadia, Ph. : 7439498600, 9123831526.

# হাসপাতালের প্রশাসন চালানো আর স্বাস্থ্য সেবা পরিষেবায় কর্মসংস্থানের সুযোগ আরো বাড়ছে

**ডঃ কৌশিক পাইক, বিভাগীয় প্রধান, হাসপাতাল ও স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনা বিভাগ, হলদিয়া ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট**

কথিত আছে "স্বাস্থ্যই সম্পদ" — কোনো দেশের নাগরিকের স্বাস্থ্যের অবস্থার ওপর সেদেশের আর্থ-সামাজিক অবস্থান বা বিকাশ অনেকাংশে নির্ভরশীল। বিশ্বব্যাপী মানুষের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের বিকাশে বা সুরক্ষায় স্বাস্থ্য পরিষেবার গুরুত্ব অপরিসীম। স্বাস্থ্য পরিষেবার মূল লক্ষ্য হল প্রতিরোধমূলক ডায়াগনিস্টিক, থেরাপিউটিক ও অন্যান্য সহায়ক পরিষেবা দেওয়া।

ভারতের স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রের সঙ্গে অন্যতম যেসব পরিষেবা যুক্ত আছে, তা হল হাসপাতাল, চিকিৎসা সংক্রান্ত যন্ত্রপাতি, স্বাস্থ্য-বিমা, ওষুধ, ক্লিনিক্যাল ট্রায়াল, টেলি-মেডিসিন, ডিজিটাল হেলথ্ কেয়ার প্রভৃতি। এরা অঙ্গাঙ্গীভাবে জড়িত।

চিকিৎসা পরিষেবা ভারতের একটি অন্যতম পেশা। আর এই পেশার সঙ্গে জড়িত ডাক্তার, নার্স বা স্বাস্থ্যকর্মী ছাড়াও হাসপাতাল প্রশাসক, স্বাস্থ্য ব্যবস্থাপক, থেরাপিস্ট, স্বাস্থ্য পরামর্শদাতা, প্যারামেডিকেল ও প্রযুক্তি সহায়করাও যুক্ত রয়েছেন।

সাম্প্রতিক বছরগুলিতে ভারতে স্বাস্থ্য পরিষেবার আগের অবস্থা বদলাতে শুরু করেছে। কোভিড-১৯, প্যান্ডেমিক, সংক্রামক ও অসংক্রামক রোগে ক্রমবর্ধমান প্রবণতা, প্রযুক্তি ও পেশাগত উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্য সেবা পরিষেবার বৈচিত্রতা বিশেষভাবে লক্ষণীয়। এই পেশার বৈচিত্রতার ফলে সুস্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে Healthcare Management বা স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনার গুরুত্ব অপরিসীম।

ক্রমবর্ধমান জীবনধারার পরিবর্তন, সচেতনতা, উচ্চ-প্রত্যাশা আর উন্নত চিকিৎসা পরিষেবার লক্ষ্যে পেশাদার হাসপাতালে ব্যবস্থাপক বা স্বাস্থ্য প্রশাসকের প্রয়োজনীয়তা অনেক গুণ বেড়েছে।

ভারতে হাসপাতাল পরিষেবার ক্ষেত্র এখন মোট স্বাস্থ্যসেবা পরিষেবা বাজারের ৮০% দখল করে আছে। আগামী দিনে আন্তর্জাতিক ও দেশীয় বিনিয়োগকারীদের কাছ থেকে বিপুল অঙ্কের বিনিয়োগ আসবে বোঝা যাচ্ছে। ভারতের হাসপাতাল শিল্পের এই বিশেষ বৃদ্ধিকে ত্বরান্বিত করার জন্য প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী আর দক্ষ প্রশাসকের প্রয়োজন অপরিহার্য।

স্বাস্থ্যসেবা ব্যবস্থাপক ও প্রশাসকদের ক্রমবর্ধমান প্রয়োজনীয়তার কথা মাথায় রেখে Haldia Institute of Management ২ শতকেরও বেশিদিন ধরে সফলভাবে হসপিটাল ম্যানেজমেন্ট কোর্সটি পরিচালনা করে চলেছে। এই প্রতিষ্ঠানটি পূর্ব ভারতে এক অন্যতম সুপরিচিত ম্যানেজমেন্ট শিক্ষা প্রতিষ্ঠান।

প্রাক্তন সাংসদ, সমাজসেবী ও বিশিষ্ট শিক্ষাবিদ ড. লক্ষ্মণ চন্দ্র শেঠের অনুপ্রেরণায় Haldia Institute of Management প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত আর সাফল্যের কৃতিত্ব বজায় রেখে এগিয়ে চলেছে। এই প্রতিষ্ঠানটি বন্দর সহ হলদিয়ার ৩০০ একর বিস্তৃত গ্রিন ক্যাম্পাস আই কেয়ার নলেজ সিটির ভেতরে রয়েছে। আই কেয়ার পরিচালিত এডুকেশন হাব-এর অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলির মধ্যে রয়েছে Haldia Institute of Management, Haldia Institute of Tech, Haldia Law College, Haldia Institute Health Science, Haldia Institute of Pharmacy ইত্যাদি।

Haldia Institute of Management প্রতিষ্ঠানটি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের স্বীকৃত আর মৌলানা আবুল কালাম ইউনিভার্সিটি অফ টেকনোলজির অ্যাফিলিয়েটেট। এই কলেজে হসপিটাল ম্যানেজমেন্টের স্নাতক আর স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়ানো হয়। এই কোর্স বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতাল আর স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে চাকরি পাওয়ার সুযোগ রয়েছে। এই কলেজের অনেক প্রাক্তন ছাত্র আজ সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার নন মেডিকেল পদে কর্মরত। এছাড়াও এই প্রতিষ্ঠানের সফল ছাত্ররা সারা ভারতে ছড়িয়ে থাকা বিভিন্ন কর্পোরেট হাসপাতাল যেমন- Apollo, Narayana, AMRI, Medica, Ruby, Peerless, Fortis, Max হাসপাতালের বিভিন্ন দফতরে দক্ষ প্রশাসকের ভূমিকা পালন করে চলেছে। অনেক মেধাবী ছাত্র-ছাত্রী বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে গবেষণারত বা অধ্যাপনার সঙ্গে জড়িত রয়েছেন।

এভাবে হসপিটাল ম্যানেজমেন্ট কোর্সটি নতুন প্রজন্মকে এক বহুমুখী দক্ষতা বাড়ানোর সুযোগ করে দিচ্ছে। এর মাধ্যমে সফল ছাত্রছাত্রীরা স্বাস্থ্য সেবা প্রশাসনের বিভিন্ন ক্ষেত্রে তাঁদের কর্মজীবন শুরু করতে পারেন।

ভরতির পদ্ধতি আর এই ক্ষেত্রে কর্মজীবনের ভবিষ্যৎ সম্ভাবনা সম্পর্কে আরো বিস্তারিতভাবে জানতে বিভাগীয় প্রধান, হাসপাতাল ও স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনা বিভাগ 'হলদিয়া ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট'এর সঙ্গে যোগাযোগ করতে পারেন। যোগাযোগের ঠিকানা — Haldia Institute of Management, ICare Complex, Hatiberia, Haldia, Purba Medinipur, www.himhaldia.edu.in, Contact No- 7797917797

https://t.me/VISION_ACADEMY_PDF

# চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে. সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।

## রাজ্য পুলিশের সাব ইন্সপেক্টর পদে কিভাবে চাকরি পেলাম



সৌরভ মন্ডল

মুর্শিদাবাদের বহরমপুর থানার সাটুই গ্রামের ছেলে আমি। বাবা চাষবাস আর ছোটো ব্যবসা করে আমাদের ২ ভাইকে লেখাপড়া শেখান। বহরমপুরের রাজনাথ হাই স্কুল থেকে মাধ্যমিক আর উচ্চমাধ্যমিক পাশ করি। এরপর কান্দি রাজ কলেজ থেকে ২০১৯ সালে অঙ্কে অনার্স নিয়ে ডিগ্রি কোর্স পাশ করি। ইচ্ছে ছিল মাস্টার্স ডিগ্রি করার। কিন্তু রেগুলারে সুযোগ পাইনি। তখন সরকারি চাকরির পরীক্ষা দেওয়ার কথা ভাবি। কেন্দ্রীয় সরকারের চাকরির পরীক্ষা দিই। কিন্তু সফল হতে পারিনি। ওই সময়ে রাজ্য সরকারের শুধুমাত্র পুলিশের চাকরির নোটিফিকেশন বেরোচ্ছিল। ২০২১ সালের বিজ্ঞপ্তি দেখে পশ্চিমবঙ্গ রাজ্য পুলিশের সাব ইন্সপেক্টর পদের জন্য আবেদন করি। এই পদের জন্য শিক্ষাগত যোগ্যতা ছিল যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ। শারীরিক মাপজোখের মধ্যে চাওয়া হয় লম্বায় ১৬৮ সেমি আর ওজন চাওয়া হয় উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে নেওয়া হয় প্রিলিমিনারি পরীক্ষা। ২০০ নম্বরের এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজের প্রশ্ন ছিল এইসব বিষয়ের: ম্যাথমেটিক্স (৫০ নম্বর), টেস্ট অফ রিজনিং (৫০ নম্বর) আর জেনারেল স্টাডিজ (১০০ নম্বর)। নেগেটিভ নম্বর ছিল। ৩টে ভুলের জন্য ১ নম্বর কাটা হয়। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হওয়ার পর শারীরিক সক্ষমতার পরীক্ষা নেওয়া হয়। এখানে ছিল ৩ মিনিটে ৮০০ মিটার দৌড়। আমি ২ মিনিট ৪২ সেকেন্ডের মধ্যে দৌড় শেষ করি। এরপর নেওয়া হয় মেন পরীক্ষা। ২০০ নম্বরের সাবজেক্টিভ পরীক্ষায় ছিল এইসব বিষয়: ম্যাথমেটিক্স ও রিজনিং (৫০ নম্বর), বাংলা (৫০ নম্বর), ইংরিজি (৫০ নম্বর) ও জেনারেল স্টাডিজ (৫০ নম্বর)।

প্রস্তুতির জন্য শুরুতে ৩ মাসের কোচিং নিয়েছিলাম বহরমপুর কেন্দ্রের বি এস সি অ্যাকাডেমি থেকে। অতিমারির জন্য বেশিদিন ক্লাস করা সম্ভব হয়নি। এরপর নিজে নিজে প্রস্তুতি নিই। অঙ্কে অনার্স ছিল বলে অঙ্ক আর বিজ্ঞান নিয়ে সমস্যা হয়নি। রিজনিং বিষয় নিয়েও মাথা ঘামাতে হয়নি। সমস্যা ছিল ইংরিজি আর জেনারেল স্টাডিজ নিয়ে। জেনারেল নলেজের কোনো সিলেবাস নেই। তাই, বিভিন্ন বিষয়ের জন্য বাজার চলতি বই কিনে পড়ি।

ইউটিউবের সাহায্য নিয়েছি। বন্ধুদের একটা গ্রুপ ছিল। সেখানে পরীক্ষার নানা বিষয় নিয়ে আলোচনা হত। কলেজে পড়ার সময় কেন্দ্রীয় সরকারের পুলিশের চাকরির পরীক্ষার সময় শারীরিক পরীক্ষায় বাতিল হয়ে যাই। ফলে, তখন থেকে এ ব্যাপারে সচেতন হই। তাই এই সাব ইন্সপেক্টর পদের পরীক্ষায় প্রস্তুতির সময় লিখিত পরীক্ষার মতো সমান গুরুত্ব দিই দৌড়ে। সকাল ও বিকেল দৌড়ের অনুশীলন করি। মেন পরীক্ষার বাংলা আর ইংরিজি বিষয়ের জন্য নিয়মিত সংবাদপত্রের সম্পাদকীয় পড়ে লেখার অনুশীলন করি।

মেন পরীক্ষায় কোয়ালিফাই করার পর ২০২৩ সালে ইন্টারভিউয়ে ডাকা হয়। মহড়া ইন্টারভিউয়ের মাধ্যমে নিজেকে তৈরি করি। এর জন্য বন্ধুদের একটা গ্রুপ ছিল। ইন্টারভিউ হয় শিলিগুড়িতে। বোর্ডে ছিলেন ৫ থেকে ৬ জন সদস্য। ডিগ্রি কোর্সে আমার অঙ্কে অনার্স ছিল দেখে বোর্ডের সদস্যরা মাধ্যমিক আর উচ্চ মাধ্যমিকের অঙ্কের ফর্মুলা জানতে চান। এক নিমেষে সব বলি। সদস্যরা খুব খুশি হন। এরপর বাবা কী করেন, কেন পুলিশের চাকরি করতে চাই জানতে চাওয়া হয়।

পরীক্ষার চূড়ান্ত ফল বেরোয় গত বছরের জুলাই মাস নাগাদ। ৩০ নভেম্বর চাকরিতে যোগ দিই। এখন বারাকপুরে স্বামী বিবেকানন্দ রাজ্য পুলিশ অ্যাকাডেমিতে ট্রেনিংয়ে আছি।

কলকাতা পুলিশের সাব ইন্সপেক্টর পদেও সফল হয়েছি কিন্তু রাজ্য পুলিশে সাব ইন্সপেক্টর পদে আগে চাকরি পেয়েছি বলে রাজ্য পুলিশে চাকরি করছি।

আমার অভিজ্ঞতায় বলতে পারি, সাফল্যের কোনো শর্টকাট পথ নেই। নিষ্ঠা, অধ্যবসায় আর লেগে থাকার মানসিকতাই আসল কথা। নিজের ওপর বিশ্বাস থাকলে আলাদাভাবে কোচিং নেওয়ার দরকার হয় না। চাকরির পরীক্ষায় মাধ্যমিক স্তরের প্রশ্ন হয়। এজন্য মাধ্যমিক স্তরে ভূগোল, ইতিহাস, বিজ্ঞানে ভালো ধারণা থাকতে হবে। পাশাপাশি দরকার অঙ্ক আর ইংরিজিতে শক্ত ভিত। জেনারেল নলেজের জন্য নিয়মিত অনুশীলনের মধ্যে থাকতে হবে।

## CIPETএ বিভিন্ন প্লাস্টিক্স কোর্সে ভর্তি

কেন্দ্রীয় সরকারের রাসায়নিক ও সার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ইনস্টিটিউট অফ পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং টেকনোলজি(CIPET) ৪টি প্লাস্টিক্স টেকনোলজির কোর্সে ভর্তি নিচ্ছে। কোর্সের নাম, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ হল: (১) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি, যোগ্যতা : মাধ্যমিক, মেয়াদ : ৩ বছর (২) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি, যোগ্যতা ও মেয়াদ আগের মতো। (৩) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিং, যোগ্যতা : বিজ্ঞান শাখার ৩ বছরের ডিগ্রি কোর্স পাশ, মেয়াদ : দু বছর। (৪) পোস্ট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড ডিজাইন উইথ CAD/CAM, যোগ্যতা : মেকানিক্যাল/ প্লাস্টিক্স/পলিমার/ টুল/ টুল ও ডাই মেকিং/প্রোডাকশন/মেকাট্রনিক্স/ অটোমোবাইল / পেট্রোকেমিক্যাল/ ইন্ডাস্ট্রিয়াল/ ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ বা DPMT/DPT বা সমতুল কোর্স পাশ। মেয়াদ: দেড় বছর। বয়সের কোনো কড়াকড়ি নেই। ছেলে ও মেয়েদের থাকার জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। যারা উচ্চমাধ্যমিক বা আই টি আই পাশ তারা ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে DPT বা DPMT এর দ্বিতীয় বর্ষে সরাসরি ভর্তি হতে পারেন। আসন সংখ্যা সীমিত। যারা ফাইনাল পরীক্ষা দিয়েছেন তারাও যোগ্য। কোর্স শেষে প্লেসমেন্টের সাহায্য করা হয়। CIPET ADMISSION TEST–2024এর মাধ্যমে ভর্তি নেওয়া হবে। অনলাইন আবেদনের শেষদিন ৩১ মে। সিপেট পরীক্ষার দিন ৯ জুন আর সব কোর্স শুরু হবে আগস্টের প্রথম সপ্তাহ থেকে। সফলদের প্লেসমেন্টে সাহায্য করা হয়। অনলাইনে আবেদন করতে হবে এই লিঙ্কে: https://cipet24.onlineregistrationform.org/CIPET/ ফোন: 9002132328, 9749042189, 9836628455, 8777857096. Website: www.cipet.gov.in

## কেন্দ্রীয় সংস্থায় ৬ কর্মমুখী কোর্সে ভরতি

কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টারে ২০২৪-'২৬ সেশনে এনসিভিটি স্বীকৃত এই ৬টি আইটিআই ট্রেডে ভরতি নিচ্ছে: ইলেকট্রিশিয়ান, ফিটার, মেশিনিস্ট, সার্ভেয়র, ড্রাফটসম্যান মেকানিক্যাল ও ওয়েল্ডার। প্রথম ৫টি ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। সব কোর্সের মেয়াদ ২ বছর। ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে যোগ্যতা দরকার এইট পাশ ও মেয়াদ ১ বছর। আধুনিক পরিকাঠামো, অভিজ্ঞ শিক্ষকরা পড়ান। সব ক্ষেত্রে অন জব ট্রেনিং ও ইন্ডাস্ট্রি ভিজিটের সুযোগ রয়েছে। চাকরির ক্ষেত্রে সাহায্য করা হয়। আগে আসার ভিত্তিতে সুযোগ। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, জাপানিগেট, বাল্টিকুরি, হাওড়া-৭১১১১৩। ফোন- ৮৯১০৩৯৪৯৬৮, ৯০০৭৮৪৫৪৮৯, ৯৪৩৩০৪৮২৪১। ওয়েবসাইট : https://www.nsic.co.in/NTSC/NTSC-Howrah

Super Premium Course (SPC)

কি এবং কেন ভর্তি হবেন? স্নাতক যোগ্যতায় অফিসার হতে চাইলে এই কোর্সে যোগদান জরুরি। পরীক্ষাসমূহ: WBCS (GR. C/D), SSC (CGL), Bank (P.O.), Rail (NTPC, ASM, JE); WBP/KP-SI; PSC-MISC, IDO, MVI; LIC-ADO, AAO ইত্যাদি। স্বল্প কোর্স ফি-তে সপ্তাহে 10-12টি ক্লাস, একটি মক্ টেস্ট; 15 দিন অন্তর সন্দেহ নিরসন ক্লাস, পাক্ষিক টেস্ট; 30 দিন অন্তর মাসিক টেস্ট প্রভৃতি। পড়াচ্ছেন স্ব স্ব ক্ষেত্রে বহু বছরের অভিজ্ঞতাসম্পন্ন টিচারগণ্।
• মাধ্যমিক পাশে জনপ্রিয় কোর্সটি হল — Strong Combined Course (SCC).
• মক্ টেস্ট - এর কোন বিকল্প নেই।
বিগত ফুড় এস.আই. পরীক্ষায় আমরা ৮০টি মক্ টেস্ট নিই এবং আমাদের পরীক্ষার্থীরা মূল পরীক্ষায় কম-বেশি ৮০% স্কোর করে। বর্তমানে ক্লার্কশিপ ও মিসলেনিয়াস পরীক্ষার মক্‌টেস্ট চলছে। CACES, 35, APC Rd (জগৎ সিনেমার পাশে), কলি-৯, M: 9123325910.

ITI-তে ভর্তি
NCVT অনুমোদিত
TIIME-ITI-তে 2024 সেশনে ভর্তির জন্য যোগাযোগ করুন :
কোর্স
Electrician & Surveyor
9831988262, 9143234509
033-25444644

## স্কুলে প্রিন্সিপ্যাল পদে চাকরি

নিজস্ব সংবাদদাতা, নদিয়া : উত্তর ২৪ পরগনা জেলার ইভাঞ্জেল পাব্লিক স্কুল 'প্রিন্সিপ্যাল' পদে লোক নিচ্ছে। সি.বি.এস.ই. নিয়মানুযায়ী শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। কোনো সরকারি বা, বেসরকারি স্কুলে ১০ বছর সহ-শিক্ষক-শিক্ষিকা হিসাবে কাজ করে থাকতে হবে। আকর্ষণীয় মাইনে ছাড়াও অন্যান্য সুযোগ সুবিধা পাবেন। ৭ দিনের মধ্যে বায়োডাটা পাঠাবেন এই ই-মেল আই.ডি.-তে : evangelps2018@gmail.com ফোন : 9732929395.

## বি.এড. কলেজে সহ-অধ্যাপক পদে চাকরি

নিজস্ব সংবাদদাতা, ডায়মন্ড হারবার : দক্ষিণ ২৪ পরগনা জেলার ইয়াকুব আলি বি.এড. কলেজ 'অ্যাসিস্ট্যান্টপ্রফেসর' পদে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে এইসব বিষয়ের জন্য : অঙ্ক, ইংরিজি, জীবনবিজ্ঞান, হিন্দি ও মিউজিক। সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হতে হবে। এছাড়াও নেট কিংবা সেট পাশ ও এম.এড. যোগ্যতা থাকতে হবে। আগ্রহী প্রার্থীরা বায়োডাটা পাঠাবেন এই ই-মেল আই.ডি.-তে : yabedcollege@gmail.com যোগাযোগের ঠিকানা : Yeaqub Ali B.Ed. College, Knowledge City, D.H. Road, South 24 Pgs, Ph : 7890002321.

CENTRAL INSTITUTE OF HOTEL & HOSPITALITY MANAGEMENT


হোটেল ম্যানেজমেন্ট
ক্রুজ শিপ ম্যানেজমেন্ট
অ্যাভিয়েশন / হসপিটালিটি
হসপিটাল ম্যানেজমেন্ট
ভর্তি চলছে ২০২৪
03329510029, 8013990366
KOLKATA | BARRACKPORE | NORTH 24 PARGANAS

K. K. D. M. S.
(KAMAL KUMARI DEVI MODEL SCHOOL)
Haridasnagar, Raghunathganj, Murshidabad
CBSE Affiliated English Medium Higher Secondary School (Play Group To Class XII)
REQUIRED Invites qualified professionals
URGENT VACANCY IMMEDIATE JOINING
PRT, TGT & PGT Teachers For Sci, Arts & Com — B.Sc. / BA / B.Com M.Sc / MA / M.Com FLUENT IN ENGLISH BED / D.EL.Ed. DESIRABLE
HOSTEL WARDEN (FEMALE ONLY) — H.S. or Graduate and good communication skills
RECEPTIONIST
OFFICE ASSISTANT
CASHIER — H.S. or Graduate with Computer Skills and good communication skills
Only Short-listed Candidates will be called for Online Interview
Candidate should have fluency in English
Salary is not a constraint for deserving candidates.
Free Accommodation for Deserving Out Station Candidates
SCAN HERE TO VISIT OUR SCHOOL
LAST DATE OF APPLICATION : 25/05/2024
Interested candidates may send your resume to :
Call No. 9144400871 Call / WHATSAPP - 9144400872
kkdmsrecruitment72@gmail.com

FDDI FOOTWEAR DESIGN & DEVELOPMENT INSTITUTE
AN INSTITUTE OF NATIONAL IMPORTANCE Under FDDI Act 2017
Ministry of Commerce and Industry Government of India
Kolkata Campus
ADMISSIONS 2024 OPEN
BACHELOR OF DESIGN (B.DES)-4 YEARS
• Footwear Design & Production
• Fashion Design
• Leather, Lifestyle & Product Design
PAN INDIA PRESENCE
CAMPUSES:
Kolkata | Noida | Rohtak | Chennai | Patna | Jodhpur
Guna | Chindwara | Ankleshwar (Surat) | Hyderabad
Chandigarh | Fursatganj (Raebareli)
Website : www.fddiindia.com
mail : kolkatacampus@fddiindia.com
Follow us on : fddikolkataofficial
Contact Detail : 9416996393, 9007222113, 9654154733
Last date of online submission of application for AIST 2024- 07th May.
ENTRANCE EXAM DATE (AIST 2024)- 12th MAY.

https://t.me/VISION_ACADEMY_PDF

# চাকরির বাজারে কোন কোন কোর্সের ভবিষ্যৎ উজ্জ্বল, তার দিশা দেখাতে

## কর্মসংস্থান আয়োজিত কেরিয়ার ফেয়ার। থাকবে রাজ্য ও দেশের ৫০টি প্রথম সারির নামি কলেজ, চাকরির শিক্ষা প্রতিষ্ঠানের স্টল।

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : 'কর্মসংস্থান', 'সাফল্য', 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার উদ্যোগে গত বছর থেকে জেলায় জেলায় 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। ভবিষ্যৎ তৈরির তাগিদে এই ধরনের মেলায় হচ্ছে উপচে পড়া ভিড়। দেশ ও রাজ্যের প্রথম সারির শিক্ষা প্রতিষ্ঠান, কলেজ ও বিশ্ববিদ্যালয় মিলিয়ে প্রায় ৫০টির মতো স্টল থাকবে। প্রতিটি প্রতিষ্ঠানের সেরা কাউন্সিলররা চাকরির চাহিদা অনুযায়ী কম কোর্স ফি-তে কোন প্রফেশনাল কোর্স পড়বেন তার হদিশ দেবেন। রাজ্য জুড়ে হওয়া এই ফেয়ারে হাজির থাকবে কয়েকশো ছেলেমেয়ে ও তাদের অভিভাবকেরা। এইট পাশ, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট, আই.টি.আই., ডিপ্লোমা ইঞ্জিনিয়ার, ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট, নার্সিং, প্যারামেডিক্যাল-সহ সব ধরনের স্টলে সরাসরি গিয়ে ছেলেমেয়েরা কেরিয়ার সংক্রান্ত বিভিন্ন তথ্য খুব সহজেই জানতে পারবে। এছাড়াও সরকারি চাকরির ব্যাপারে খুঁটিনাটি তথ্য সরাসরি জানতে পারবেন কর্মসংস্থানের স্টল থেকে।












বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

https://t.me/VISION_ACADEMY_PDF

এবছর মাধ্যমিক / H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

১০ ও ১১ মে (শুক্রবার ও শনিবার)

জ্যাক পল রেসিডেন্সি (ব্যাঙ্কোয়েট হল), হসপিটাল রোড, মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর

থাকবে দেশ ও রাজ্যের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আইটিআই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচারাল আর অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ, চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল

স্পট অ্যাডমিশনের ওপর পাবেন বিশেষ ছাড়

উপস্থাপনায় :

কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

আকর্ষণীয় গিফট*

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Sponsored by :

NCSM — NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

: Co-sponsors :

KALYANI Reliable | CHITKARA UNIVERSITY

In Gracious Presence

JIS GROUP | FDDI | Indian Institute of Packaging, Kolkata Centre | RICE EDUCATION | moople Institute of Animation and Design | Seacom Skills University | TIEM Hotel and Hospitality Management College

VIMT | CARREOGRAPH Institute of Management Studies | KOSHYS Group of Institutions | Gurukul Edutech | SPANDAN School & College of Nursing | GIMS Global Institute of Management Studies

HIM Haldia Institute of Management | PSP | CAMELLIA A Trusted Name | BU Bankura 722146 | SHARK edutech.com | LIBERTY FOUNDATION

BCI Belarani Group of Institutions | Infinity The Leader in Education | College of Engineering & Management Kolaghat | Angelday School of Nursing ADSN | seacom Group | SAI

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

https://t.me/VISION_ACADEMY_PDF

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। ব্রিটিশ বিজ্ঞানী স্যার জোসেফ জন থমসন ১৯০৬ সালে কোন কণা আবিষ্কারের জন্য পদার্থবিজ্ঞানে 'নোবেল' পুরস্কার পান — ইলেক্ট্রন।

২। 'জিপসোফিল' শব্দটি এমন লোকেদের সঙ্গে যুক্ত, যারা পছন্দ করে — শকুন।

৩। পি-টাইপ সেমিকন্ডাক্টরের চার্জ কত — নিরপেক্ষ।

৪। সাংকেতিক আলো তৈরিতে ব্যবহৃত হয় — ম্যাগনেশিয়াম।

৫। পরমাণু ভেঙে প্রচণ্ড শক্তি সৃষ্টি করাকে বলে — ফিউশন বিক্রিয়া।

৬। মানুষের শরীরে কত জোড়া পাঁজর থাকে — ১২ জোড়া।

৭। শরীরের কোন অংশে প্রধানত গ্লাইকোজেন জমা হয় — লিভার ও পেশি।

৮। বৈদ্যুতিক গাড়িতে ব্যবহৃত ব্যাটারির জন্য অপরিহার্য উপাদান কোনটি — লিথিয়াম।

৯। কলায় কোন খনিজের উপস্থিতি কলাকে সামান্য তেজস্ক্রিয় করে তোলে — পটাশিয়াম।

১০। সম্প্রতি প্রয়াত 'ঈশ্বর কণা'র আবিষ্কর্তা পিটার হিগস (৯৪ বছর)



কোন দেশের পদার্থবিদ ছিলেন — ব্রিটেন।

## ইতিহাস

১১। 'বাবরনামা'কে চাগতাই থেকে ফারসি ভাষায় অনুবাদ করেন — আব্দুল রহিম খান-ই-খানা।

১২। বিজয়নগর সাম্রাজ্যের রাজা তিরুমালা রায় কোন ধরনের মুদ্রা জারি করেছিলেন — বরাহ (এটি একটি সোনার মুদ্রা, যার আনুমানিক ওজন ৩.৪ গ্রাম)।

১৩। ভারতে 'নভরোজ' চালু করেন — বলবন (এটি পারস্য উৎসব)।

১৪। 'তারিখ-ই-দাউদি' কোন লেখকের লেখা — আবদুল্লাহ।

১৫। হর্ষবর্ধনের শ্যালক গ্রহবর্মণকে হত্যা করেছিলেন — গৌড়ের শশাঙ্ক।

১৬। কোন হরপ্পান শহর ৩টি ভাগে বিভক্ত — ধোলাভিরা।

১৭। ঋগ্বেদে ঋকের সংখ্যা কত — ১০,৫৮০।

১৮। কোন সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানি পর্তুগিজদের কাছ থেকে বোম্বাই অধিগ্রহণ করে — ১৬৬৮।

১৯। ভারতে প্রথম ব্রিটিশ প্রেসিডেন্সি কোথায় প্রতিষ্ঠিত হয় — সুরাত।

২০। কোন গভর্নর জেনারেল ভারতে দাসপ্রথা বিলুপ্ত করেছিলেন — লর্ড এলেনবরো।

## ভূগোল

২১। পশ্চিবঙ্গের 'শালবনি' কিসের জন্য বেশি পরিচিত — আধুনিক কারেন্সি নোট প্রেস।

২২। 'টেমি চা বাগান' ভারতের কোন রাজ্যে অবস্থিত — সিকিম।

২৩। কুমায়ুন হিমালয়ের সর্বোচ্চ শৃঙ্গ — নন্দা দেবী (৭,৮১৭ মিটার)।

২৪। কোন হিল স্টেশন 'কুমায়নের ফলের বাটি' নামে পরিচিত — রামগড়।

২৫। 'খারকাই' কোন নদীর উপনদী — সুবর্ণরেখা।

২৬। ওক-রোডোডেনড্রন কোন ধরনের বনের বৈশিষ্ট্যযুক্ত উদ্ভিদ — নাতিশীতোষ্ণ বন।

২৭। 'কালো বিপ্লব' কীসের সঙ্গে সম্পর্কিত — অপরিশোধিত তেল।

২৮। 'বোকারো স্টিল প্ল্যান্ট' কোন দেশের সহযোগিতায় তৈরি হয়েছিল — রাশিয়া।

২৯। রাস্তার মোট দৈর্ঘ্যের নিরিখে ভারতের স্থান কত — দ্বিতীয় (প্রথম স্থানে আছে মার্কিন যুক্তরাষ্ট্র)।

৩০। 'বানেশ্বর উৎসব' কোন উপজাতি পালন করে — ভীল।

## অর্থনীতি

৩১। 'ফোনপে'র মাধ্যমে ইউপিআই পেমেন্ট শুরু করল কোন দেশ — সংযুক্ত আরব আমিরশাহী।

৩২। এবছর ভারতীয় অর্থনীতি কত শতাংশ হারে বাড়বে বলে অনুমান করছে 'বিশ্বব্যাঙ্ক' — ৭.৫%।

৩৩। 'নিউ ইন্ডিয়া অ্যাসিওরেন্স কোম্পানি'র চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — গিরিজা সুব্রমনিয়ান।

৩৪। এশিয়ার মধ্যে বিদেশি ফান্ডের সবথেকে বড় আকর্ষণ হয়ে উঠেছে কোন দেশ — ভারত।

৩৫। এবছর ৩৮ তম 'ফোর্বস বার্ষিক বিশ্বের বিলিয়নেয়রদের তালিকা' অনুসারে, বিশ্বের শীর্ষ ১০ বিলিয়নেয়রদের মধ্যে একমাত্র ভারতীয় হিসাবে স্থান পেলেন কে — মুকেশ আম্বানি (তাঁর মোট সম্পদ মূল্য ১১৬ বিলিয়ন ডলার)।

৩৬। এবছর মার্চে মোট জিএসটি সংগ্রহের পরিমাণ কত — ১.৭৮ লাখ কোটি টাকা।

## সাম্প্রতিক ঘটনা

৩৭। 'ন্যাশনাল কমিশন ফর শিডিউলড কাস্ট'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত



হলেন কে — কিশোর মাকবানা।

৩৮। পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — মহুয়া ব্যানার্জি।

৩৯। পেরুর প্রধানমন্ত্রী এখন কে — গুস্তাভো আদ্রিয়ানজেন।

৪০। 'উত্তর পূর্ব ভারত চলচ্চিত্র উৎসব' আয়োজন করল কোন রাজ্য — মণিপুর।

৪১। বিশ্বের প্রথম ৩ডি প্রিন্টেড মসজিদ তৈরি হল কোন দেশে — সৌদি আরব।

৪২। চতুর্থ 'নারী নীতি' ঘোষণা করল কোন রাজ্য — মহারাষ্ট্র।

৪৩। ভারতের কোন রাজ্যের 'মাজুলি মাস্ক' জিআই ট্যাগ পেল — অসম।

৪৪। হরিয়ানার মুখ্যমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন কে — নয়াব সিং সৈনি।

৪৫। বিচম ভারতের কোন রাজ্যের নতুন জেলা — অরুণাচল প্রদেশ।

৪৬। পাক-ই-স্তানের পঞ্জাব প্রদেশের প্রথম শিখ মন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন কে — সর্দার রমেশ সিং অরোরা।

৪৭। হিন্দু ক্যালেন্ডার বছর ২০৮১'কে 'গরু সুরক্ষা বছর' হিসাবে পালন করার সিদ্ধান্ত নিল কোন রাজ্য — মধ্য প্রদেশ।

৪৮। ভারতের প্রথম আয়ুর্বেদিক ক্যাফে কোথায় চালু হয়েছে — দিল্লি।

৪৯। পোখারা'কে পর্যটন রাজধানী হিসাবে ঘোষণা করল কোন দেশ — নেপাল।

৫০। 'নো ইওর ক্যান্ডিডেট' নামে মোবাইল অ্যাপ চালু করল কারা — নির্বাচন কমিশন।

৫১। কেন্দ্রীয় সরকারের মুখপাত্র হিসাবে নিযুক্ত হলেন কে — শেফালি বি.শরণ।

৫২। তেলেঙ্গানার রাজ্যপাল এখন কে — সি.পি.রাধাকৃষ্ণণ।

৫৩। ২০২৩ সালের 'সরস্বতী সম্মান'এর জন্য নির্বাচিত হলেন কে — প্রখ্যাত মালয়লম কবি প্রভা ভার্মা।

৫৪। পশ্চিমবঙ্গের ডিরেক্টর জেনারেল অফ পুলিশ হিসাবে নিযুক্ত হলেন কে — সঞ্জয় মুখার্জি।

৫৫। রাশিয়ার প্রেসিডেন্ট নির্বাচনে জিতলেন কে — ভ্লাদিমির পুতিন।

৫৬। 'মিউজিক আকাদেমি, মাদ্রাজ'এর তরফ থেকে, এবছর 'সঙ্গীত কালানিধি' পুরস্কারের জন্য নির্বাচিত হলেন কে — প্রখ্যাত কর্ণাটিকি সঙ্গীতশিল্পী থোদুর মাদাবুসি কৃষ্ণ।

৫৭। এবছর 'নৃত্য কালানিধি' পুরস্কারের জন্য নির্বাচিত হলেন কে — নৃত্যশিল্পী ড.নীনা প্রসাদ।

৫৮। ভারতের প্রথম ইন্ডোর অ্যাথলেটিক্স স্টেডিয়াম ও ইন্ডোর অ্যাকোয়াটিক সেন্টারের উদ্বোধন করল কোন রাজ্য — ওড়িশা।

৫৯। এবছর 'গোল্ডেন বুক পুরস্কার' পেলেন কে — লেখিকা রাখি কাপুর।

৬০। জিও-হেরিটেজ সাইট হিসাবে স্বীকৃতি পেল ভারতের কোন রাজ্যের 'পান্ডাভুলা গুট্টা' — তেলেঙ্গানা।

৬১। 'অল ইন্ডিয়া রেডিও'র ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — মৌসুমী চক্রবর্তী।

৬২। এবছর 'বিশ্ব সুখ সূচক'এ ভারতের স্থান কত — ১২৬।

৬৩। রাশিয়ায়, ভারতের নতুন রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — বিনয় কুমার।

৬৪। 'বিশ্ব জল দিবস' কবে পালিত হয় — ২২ মার্চ।

৬৫। এবছর 'ওয়ার্ল্ড টেলিকমিউনিকেশন স্ট্যান্ডার্ডাইজেশন অ্যাসেম্বলি'র আয়োজন করবে কোন দেশ — ভারত।

৬৬। সুইস সংস্থা 'আইকিউএয়ার'এর রিপোর্ট অনুযায়ী, বিশ্বের সবথেকে দূষিত রাজধানী শহরের তকমা পেল কারা — দিল্লি।

৬৭। 'বিশ্ব বন দিবস' কবে পালিত হয় — ২১ মার্চ।

৬৮। 'গগনযান' মিশনে মহাকাশচারীদের সহায়তা করতে কোন অ্যাপ তৈরি করা হয়েছে — সখি (এর পুরো নাম 'স্পেস-বর্ন অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড নলেজ হাব ফর ক্রু ইন্টারঅ্যাকশন')।

৬৯। বিশ্বের সবথেকে দূষিত মেট্রোপলিটান শহরের তকমা পাওয়া বেগুসরাই ভারতের কোন রাজ্যে অবস্থিত — বিহার।

৭০। ইরাকে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — সৌমেন্দু বাগচি।

৭১। চিলিতে, ভারতের পরবর্তী দূত হিসাবে নিযুক্ত হলেন কে — অভিলাশা জোশী।

৭২। উত্তর প্রদেশের নতুন স্বরাষ্ট্রসচিব হিসাবে নিযুক্ত হলেন কে — দীপক কুমার।

৭৩। আয়ারল্যান্ডের সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী হতে চলেছেন কে — সাইমন হ্যারিস (৩৭ বছর)।

৭৪। কোন রাজ্যের রাজ্যপালের পদ থেকে ইস্তফা দিলেন তমিলিসাই সৌন্দররাজন — তেলেঙ্গানা।

৭৫। কোন দেশ থেকে ভারতীয় নাগরিকদের ফিরিয়ে আনতে 'অপারেশন ইন্দ্রাবতী' চালু করেছে কেন্দ্রীয় সরকার — হাইতি।

৭৬। সর্বসম্মতিক্রমে ২০২৩ সালের জন্য, ২৯ তম 'দেবী শঙ্কর অবস্থি পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন কে — নিশান্ত (সমালোচনামূলক বই 'কবিতা পাঠক আলোচনা' বইটির জন্য এই পুরস্কার পাচ্ছেন তিনি)।

৭৭। মর্যাদাপূর্ণ 'মহারাষ্ট্র গৌরব সম্মান'



পেলেন কে — প্রখ্যাত ভারতীয় নৃত্যশিল্পী ড.উমা রেলে।

৭৮। প্রথম ভারতীয় রাজ্য হিসাবে জল সম্পদ তথ্য নিয়ন্ত্রণ পোর্টাল চালু করল কোন রাজ্য — রাজস্থান।

৭৯। উদ্বোধনী 'গ্লোবাল ইনইক্যুয়ালিটি রিসার্চ পুরস্কার' পাচ্ছেন কারা — বীনা আগরওয়াল ও জেমস বয়েস।

৮০। 'সুরাত ডায়মন্ড বুর্স'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — গোবিন্দ ঢোলাকিয়া।

৮১। 'আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন'এর 'ডিজিটাল ইনোভেশন বোর্ড'এর সহ-সভাপতি হিসাবে নির্বাচিত.হল কোন দেশ — ভারত।

৮২। প্রথমবার ভারতের তৈরি ট্যাঙ্ক ইঞ্জিন পরীক্ষা করা হল কোথায় — মহীশউরু।

৮৩। ৯ বছরের মধ্যে প্রথমবারের মতো বিয়ের হার বাড়ল কোন দেশে — চিন।

৮৪। কোন দেশের প্রেসিডেন্টের পদ থেকে পদত্যাগ করলেন ভো ভ্যান থুং — ভিয়েতনাম।

৮৫। 'বিশ্ব যক্ষ্মা দিবস' কবে পালিত হয় — ২৪ মার্চ।

৮৬। বিশ্বে এই প্রথম জীবন্ত কোনো মানুষের শরীরে সফলভাবে শূকরের কিডনি প্রতিস্থাপন করে নজির গড়লেন কোন দেশের চিকিৎসকরা — মার্কিন যুক্তরাষ্ট্র।

৮৭। 'ডিজিটাল নিউজ পাব্লিশার্স অ্যাসোসিয়েশন'এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন কে — মরিয়ম মাম্মেন ম্যাথিউ।

৮৮। কোন মহাকাশ গবেষণা সংস্থা মর্যাদাপূর্ণ 'অ্যাভিয়েশন উইক লরিয়েটস পুরস্কার'এ ভূষিত হল — ইসরো।

৮৯। আগামী ৫ বছরে কোন দেশকে ১০,০০০ কোটি টাকা আর্থিক সহায়তা দেবে ভারত — ভুটান।

৯০। 'বিশ্ব আবহাওয়া দিবস' কবে পালিত হয় — ২৩ মার্চ।

৯১। কাকে 'বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশন'এর কমিশনার হিসাবে নিযুক্ত করল ভারতীয় নির্বাচন কমিশন — ভূষণ গাগরানি।

৯২। ডিসপোজেবল (একবার ব্যবহারযোগ্য) ই-সিগারেট বা, ভ্যাপ নিষিদ্ধ ঘোষণা করল কোন দেশ — নিউজিল্যান্ড।

৯৩। ভুটানের সর্বোচ্চ নাগরিক সম্মান 'অর্ডার অফ দ্য ড্রুক গ্যালপো' পেলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী (তিনিই হলেন প্রথম কোনো বিদেশি রাষ্ট্রনেতা, যাঁকে এই সম্মানে ভূষিত করল ভুটান)।

## খেলাধূলা

৯৪। সম্প্রতি প্রয়াত আন্দ্রেয়াস ব্রেহমে (৬৩ বছর) কোন দেশের ফুটবলার ছিলেন — জার্মানি।

৯৫। এবছর লেহ-লাদাখে, 'প্যাংগং ফ্রোজেন লেক ম্যারাথন' সম্পন্ন করলেন কারা — ভোপালের ভগবান সিং ও মহেশ খুরানা।

৯৬। আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণাকারী নেইল ওয়াগনার কোন দেশের খেলোয়াড় — নিউজিল্যান্ড।

৯৭। এবছর 'আর্চারি এশিয়া কাপ'এ ভারত মোট ক'টি পদক পেয়েছে — ১৪টি (এর মধ্যে ৯টি সোনা, ৪টি রুপো ও ১টি ব্রঞ্জ পদক)।

৯৮। সম্প্রতি অবসর ঘোষণাকারী বি.সাই প্রণীত কোন খেলার সঙ্গে যুক্ত — ব্যাডমিন্টন।

৯৯। 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এর আসন্ন মরসুমের জন্য কোন দলের ফাস্ট বোলিং কোচ হিসাবে নিযুক্ত হলেন জেমস ফ্র্যাঙ্কলিন — সানরাইজার্স হায়দরাবাদ।

১০০। চতুর্থ 'খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমস'এ ওভারঅল চ্যাম্পিয়ন হল কারা — চণ্ডীগড় ইউনিভার্সিটি।

১০১। 'প্রো কবাডি লিগ'এর দশম সংস্করণে চ্যাম্পিয়ন হল কোন দল — পুনেরি পল্টন (হরিয়ানা স্টিলার্স'কে ২৮-২৫ ব্যবধানে হারিয়ে)।

১০২। ২০২৭ সালে 'বিশ্ব অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ' আয়োজন করবে কোন শহর — বেজিং।

১০৩। নিষিদ্ধ ড্রাগ সেবনের দায়ে ৪ বছরের জন্য নিষিদ্ধ হওয়া পল পোগবা কোন দেশের ফুটবলার — ফ্রান্স।

১০৪। 'ভারতীয় প্যারালিম্পিক কমিটি'র প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন কে — দেবেন্দ্র ঝাঝারিয়া।

১০৫। এবছর 'ফরাসি ওপেন ব্যাডমিন্টন'এ পুরুষদের ডাবলসে চ্যাম্পিয়ন হলেন কোন ভারতীয় জুটি — সাত্বিকসাইরাজ রানকিরেড্ডি ও চিরাগ শেট্টি (চাইনিজ তাইপের জুটি লি ঝে-হুই ও.ইয়াং পো-হসুয়ান'কে ২১-১১ ও ২১-১৭ ব্যবধানে হারিয়ে)।

১০৬। বিশ্বের প্রথম পেসার হিসাবে, ৭০০ উইকেটের মাইলফলক ছুঁলেন



কে — ইংরেজ পেসার জেমস অ্যান্ডারসন।

১০৭। ২০২৩-'২৪ সালে 'সন্তোষ ট্রফি' জিতল কোন দল — সার্ভিসেস (গোয়াকে ১-০ ব্যবধানে হারিয়ে)।

সঙ্কলক : পলি দেওয়ান

https://t.me/VISION_ACADEMY_PDF

# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ পরিক্রমা

গত সপ্তাহের পর

**১৮ মার্চ :** রাশিয়ায়, ভারতের নতুন রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন বিনয় কুমার।

□ 'পি অ্যান্ড জি ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে দায়িত্ব নিচ্ছেন কুমার ভেঙ্কটসুব্রমনিয়ান।

□ ইরাকে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন সৌমেন্দু বাগচি।

□ চিলিতে, ভারতের পরবর্তী দূত হিসাবে নিযুক্ত হলেন অভিলাশা জোশী।

□ মর্যাদাপূর্ণ 'মহারাষ্ট্র গৌরব সম্মান' পেলেন প্রখ্যাত ভারতীয় নৃত্যশিল্পী ড.উমা রেলে। মুম্বইয়ের 'নালন্দা নৃত্য কলা মহাবিদ্যালয়'এর অধ্যক্ষ তিনি। ভারতীয় শাস্ত্রীয় নৃত্য, বিশেষত ভরতনাট্যমের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। তাঁকে এই পুরস্কার দিয়েছেন মহারাষ্ট্রের শিল্পমন্ত্রী উদয় সাওয়ান্ত ও মন্ত্রী দীপক বসন্ত।

□ হঠাৎই তেলেঙ্গানার রাজ্যপালের পদ থেকে ইস্তফা দিলেন তমিলিসাই সৌন্দররাজন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে নিজের পদত্যাগপত্র পাঠিয়েছেন তিনি। ২০১৯ সালে নবগঠিত তেলেঙ্গানার প্রথম রাজ্যপাল করা হয় তমিলিসাই'কে। তারপর থেকে এদিন পর্যন্ত ওই দায়িত্বই পালন করে এসেছেন তিনি। ২০২১ সালে অতিরিক্ত দায়িত্ব দিয়ে পুদুচেরির লেফটেন্যান্ট গভর্নর পদেও বসানো হয়েছিল তাঁকে।

□ ডালের মজুত বাড়াতে ও বাজারের দাম স্থিতিশীল করতে, কৃষকদের কাছ থেকে সরাসরি তুর ও মুসুর ডাল সংগ্রহ করার পরিকল্পনা নিল কেন্দ্রীয় সরকার। কৃষকদের কাছ থেকে ৪,০০,০০০ টন তুর ও ২,০০,০০০ টন মুসুর ডাল সংগ্রহ করবে কেন্দ্র। এই ডাল সরাসরি কৃষকদের কাছ থেকে সংগ্রহ করবে 'ন্যাশনাল অ্যাগ্রিকালচারাল কোঅপারেটিভ মার্কেটিং ফেডারেশন অফ ইন্ডিয়া' ও 'ন্যাশনাল কোঅপারেটিভ কনজিউমারস ফেডারেশন অফ ইন্ডিয়া লিমিটেড'। রিপোর্ট অনুযায়ী, এই দুই সংস্থাই প্রায় ৮,০০০ টন তুর ডাল সংগ্রহ করেছে ও মার্চে মুসুর ডাল সংগ্রহ শুরু করার কথা রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, বিশ্বের বৃহত্তম ডাল উৎপাদনকারী, ভোক্তা ও আমদানিকারক দেশ হল ভারত। ২০২২-'২৩ সালে ২৪.৯৬ লাখ টন ডাল আমদানি করেছে ভারত।



'অল ইন্ডিয়া রেডিও'র ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন মৌসুমী চক্রবর্তী।

□ 'গগনযান' মহাকাশ ফ্লাইট মিশনের সময় মহাকাশচারীদের সহায়তা করার জন্য, 'স্পেস-বর্ন অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড নলেজ হাব ফর ক্রু ইন্টারঅ্যাকশন' (সখি) নামে একটি উদ্ভাবনী ও বহুমুখী অ্যাপ্লিকেশন তৈরি করল 'ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা'র অধীন 'বিক্রম সারাভাই স্পেস সেন্টার'। এই মিশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক জুড়ে অপরিহার্য সহায়তা প্রদান করবে এই অ্যাপ। মহাকাশচারীদের স্বাস্থ্য নিরীক্ষণ, পৃথিবীর সঙ্গে যোগাযোগ বজায় রাখা ও খাদ্যতালিকা পরিচালনা করতে সক্ষম 'সখি'। এছাড়াও, রিয়েল-টাইম সহায়তা ও প্রয়োজনীয় ডেটা অ্যাক্সেসও দিতে পারে অ্যাপটি।


## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।


□ সারা বিশ্বের দূষণ পরিস্থিতি নিয়ে একটি রিপোর্ট প্রকাশ করল সুইস সংস্থা 'আইকিউএয়ার'। এই রিপোর্ট অনুযায়ী, বিশ্বের সবথেকে দূষিত রাজধানী শহরের তকমা পেল দিল্লি। অন্যদিকে, বিশ্বের সবথেকে দূষিত মেট্রোপলিটান শহরের তকমা পেল বিহারের বেগুসরাই। পাক-ই-স্তান ও বাংলাদেশের পর, বিশ্বের সবথেকে দূষিত দেশের তালিকায় ভারতের স্থান তৃতীয়। ২০২৩ সালের তথ্যের নিরিখে ১৩৪টি দেশের ওপর বায়ুর গুণমান সংক্রান্ত এই সমীক্ষা চালানো হয়। রিপোর্ট অনুযায়ী, ভারতে গড় বার্ষিক পিএম ২.৫ প্রতি ঘনমিটারে ৫৪.৪ মাইক্রোগ্রাম। বাংলাদেশ ও পাক-ই-স্তানের যথাক্রমে ৭৯.৭ ও ৭৩.৭ মাইক্রোগ্রাম। নয়াদিল্লিতে বায়ুর গুণমান ২০২২ সালে ছিল ৮৯.১ মাইক্রোগ্রাম। ২০২৩ সালে তা বেড়ে হয়েছে ৯২.৭।

**১৯ মার্চ :** পশ্চিমবঙ্গের ডিরেক্টর জেনারেল অফ পুলিশ হিসাবে নিযুক্ত হলেন সঞ্জয় মুখার্জি।

□ 'পুনাওয়ালা ফিনকর্প'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন অরবিন্দ কপিল।

□ উত্তর প্রদেশের নতুন স্বরাষ্ট্রসচিব হিসাবে নিযুক্ত হলেন দীপক কুমার।

□ ওয়েলস লেবার পার্টির নতুন নেতা হওয়ার জন্য, জেরেমি মাইলসের বিরুদ্ধে নির্বাচনে জয়ী হলেন ভন গেথিং। এখন ওয়েলসের অর্থনৈতিক মন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করছেন তিনি। এই জয়ের ফলে, ওয়েলসের আধা-স্বায়ত্তশাসিত সরকারের প্রথম কৃষ্ণাঙ্গ নেতা হবেন তিনি। মার্ক ড্রেকফোর্ডের স্থলাভিষিক্ত হবেন তিনি।

□ জেনেভায় অনুষ্ঠিত হল 'আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন'এর সভা। এই সভায় ভারতের প্রতিনিধিত্ব করেন দেশের টেলিকমিউনিকেশন বিভাগের সচিব ড.নীরজ মিত্তল। এই সভার উদ্দেশ্য ছিল, টেলিযোগাযোগ আর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেক্টরে সহযোগিতা বাড়ানো ও উদ্ভাবনী উদ্যোগগুলির প্রচার করা। এই সভায় ভারতকে 'ডিজিটাল ইনোভেশন বোর্ড'এর সহ-সভাপতি হিসাবে নির্বাচন করল 'আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন'। ড.মিত্তল সর্বসম্মতিক্রমে ডিজিটাল উন্নয়নের জন্য 'উদ্ভাবন ও উদ্যোক্তা জোট'এর পৃষ্ঠপোষকতায় গঠিত আইটিইউ'এর ডিজিটাল ইনোভেশন বোর্ডের সহ-সভাপতি হিসাবে নির্বাচিত হন। ডিজিটাল ইনোভেশন বোর্ড এশিয়া, ইউরোপ, আফ্রিকা, উত্তর ও দক্ষিণ আমেরিকার আইটিইউ'এর ২৩টি সদস্য রাষ্ট্রের টেলিযোগাযোগ/আইসিটি মন্ত্রীদের নিয়ে গঠিত।

□ আসন্ন রবি মরসুমে (এপ্রিল-জুন) গমের জন্য প্রতি কুইন্টাল ১২৫ টাকা বোনাস ঘোষণা করল রাজস্থান ও মধ্য প্রদেশ সরকার। ২০২৪-'২৫ বিপণন মরসুমে গমের জন্য প্রতি কুইন্টাল ২,২৭৫ টাকা ন্যূনতম সমর্থন মূল্য ঘোষণা করেছে কেন্দ্রীয় সরকার। এই দুই রাজ্যে গম চাষিদের প্রতি কুইন্টাল ২,৪০০ টাকা (২,২৭৫+১২৫) দেওয়া হবে। পঞ্জাবের পর, কেন্দ্রীয় সরকারের গম সংগ্রহে মধ্য প্রদেশ হল দ্বিতীয় বৃহত্তম অবদানকারী। ২০২৩ সালে ভারতীয় সংস্থাগুলি ২৬.২ মিলিয়ন টন গম সংগ্রহ করেছিল। মধ্য প্রদেশ মোট সংগ্রহে ৭.০৯ মিলিয়ন টন অবদান রেখেছে। এবছর রবি মরসুমে ৮.২ মিলিয়ন টন গম সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে মধ্য প্রদেশ সরকার। এই দুই রাজ্যে গমের ওপর বোনাসের ঘোষণা সরকারকে তার ক্রয়ের লক্ষ্য পূরণে সহায়তা করবে বলে মনে করা হচ্ছে।

□ কেরলের কোল্লাম উপকূলে গভীর সমুদ্রের আইসোপডের একটি নতুন প্রজাতি আবিষ্কার করলেন গবেষকরা। নতুন আবিষ্কৃত এই প্রজাতিটি 'ব্রুসেথোয়া' গোত্রের অন্তর্গত। 'ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা'র সফল মহাকাশ অভিযানের প্রতি সম্মান জানিয়ে এটির নাম রাখা হয়েছে 'ব্রুসেথোয়া ইসরো'। একটি সামুদ্রিক মাছের প্রজাতি 'স্পিনিজাও গ্রিন'এর ফুলকা গহ্বরের গোড়ায় পাওয়া গেছে 'ব্রুসেথোয়া ইসরো'। বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত থাকা পি.টি.অনীশ, এ.কে.হেলনা ও এ.বিজু কুমার-এর একটি দলের মাধ্যমে 'ব্রুসেথোয়া ইসরো'র শনাক্তকরণ পদ্ধতি পরিচালিত হয়। মহিলা 'ব্রুসেথোয়া ইসরো', পুরুষ 'ব্রুসেথোয়া ইসরো'র তুলনায় বড় হয়। মহিলা প্রজাতি দৈর্ঘ্যে প্রায় ১৯ মিলিমিটার ও প্রস্থে প্রায় ৬ মিলিমিটার পর্যন্ত বাড়ে, যেখানে পুরুষ প্রজাতির দৈর্ঘ্য হয় প্রায় এর অর্ধেক। ভারতে নথিভুক্ত হওয়া এই গোত্রের এটি দ্বিতীয় প্রজাতি। প্রসঙ্গত উল্লেখ্য, আইসোপড হল অমেরুদণ্ডী প্রাণীর একটি ক্রম, যেগুলি বৃহত্তর ক্রাস্টেসিয়ান প্রাণীদের গোষ্ঠীর অন্তর্গত, যার মধ্যে রয়েছে কাঁকড়া ও চিংড়ি। বিজ্ঞানীদের অনুমান, প্রায় ১০,০০০ প্রজাতির আইসোপড রয়েছে।

□ 'পেটিএম'এর মূল সংস্থা 'ওয়ান ৯৭ কমিউনিকেশনস লিমিটেড'কে থার্ড পার্টি অ্যাপ হিসাবে পেটিএমকে ইউপিআই'এর মাধ্যমে টাকা লেনদেন করার মাধ্যম হিসাবে অনুমোদন দিল 'ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া'। থার্ড-পার্টি অ্যাপ্লিকেশন প্রোভাইডর হিসাবে ইউপিআই পেমেন্টসের লাইসেন্স পেয়েছে পেটিএম। ফলে, এবার ইউপিআই পরিষেবায় মাল্টি ব্যাঙ্ক মডেলের আওতায় টিপিএপি'এর মাধ্যমে কর্মকাণ্ড চালাতে পারবে পেটিএম। এই নতুন মডেলের অধীনে, পেটিএম এখন ৪টি নতুন ব্যাঙ্ক - অ্যাক্সিস ব্যাঙ্ক, এইচডিএফসি, এসবিআই ও ইয়েস ব্যাঙ্কের মতোই অংশীদারিত্বে পেমেন্ট পরিষেবা প্রদান করবে। এরা তার পেমেন্ট সিস্টেম প্রোভাইডার হিসাবে কাজ করবে। প্রসঙ্গত উল্লেখ্য, নিয়ন্ত্রণ বিধি লঙ্ঘনের অভিযোগে 'রিজার্ভ ব্যাঙ্ক'এর নির্দেশে ১৫ মার্চের পর থেকেই বন্ধ হয়ে গিয়েছে পেটিএম পেমেন্টস ব্যাঙ্কের পরিষেবা।

**২০ মার্চ :** তেলেঙ্গানার রাজ্যপাল হিসাবে শপথ নিলেন সি.পি.রাধাকৃষ্ণণ।

□ কেন্দ্রীয় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রকের অতিরিক্ত দায়িত্ব নিলেন কিরেন রিজিজু। এখন কেন্দ্রীয় ভূ বিজ্ঞান মন্ত্রকের দায়িত্বে রয়েছেন তিনি।

□ ২০২৩-'২৪ সালের জন্য, 'ইন্ডিয়ান ব্যাঙ্ক অ্যাসোসিয়েশন'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন এম.ভি.রাও।

□ উদ্বোধনী 'গ্লোবাল ইনইক্যুয়ালিটি রিসার্চ পুরস্কার' পাচ্ছেন 'ইউনিভার্সিটি অফ ম্যাঞ্চেস্টার'এর গ্লোবাল ডেভেলপমেন্ট ইনস্টিটিউট'এর ডেভেলপমেন্ট ইকোনমিক্স অ্যান্ড এনভায়রনমেন্টের অধ্যাপিকা বীনা আগরওয়াল ও প্রফেসর এমেরিটাস জেমস বয়েস। বিশ্বব্যাপী বৈষম্য বোঝার ক্ষেত্রে, বিশেষত সামাজিক ও পরিবেশগত বৈষম্যের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসাবে যৌথভাবে এই পুরস্কার পাচ্ছেন তাঁরা। তাঁদের কাজ বিশ্বব্যাপী বৈষম্য মোকাবিলার জন্য একটি গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। প্রসঙ্গত উল্লেখ্য, বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বিশ্বব্যাপী বৈষম্য মোকাবিলার গুরুত্বকে স্বীকৃতি দেয় এই পুরস্কার।

□ খরার পূর্বাভাস দিতে ও জল প্রাপ্যতার ওপর ভিত্তি করে আরও ভালো জল ব্যবস্থাপনা সক্ষম করতে জল সম্পদ তথ্য নিয়ন্ত্রণ পোর্টাল চালু করল রাজস্থান সরকার। প্রথম ভারতীয় রাজ্য হিসাবে এই ধরনের পোর্টাল চালু করল তারা। জয়পুরে এক অনুষ্ঠানে, রাজস্থানের জলসম্পদ মন্ত্রী সুরেশ সিং রাওয়াত এই উদ্যোগের উদ্বোধন করেন। এই পোর্টালের মাধ্যমে এখন থেকে সাধারণ মানুষ রাজ্যের বাঁধ ও খালগুলিতে জলের প্রাপ্যতার বাস্তব-সময়ের তথ্য পেতে সক্ষম হবেন। 'ন্যাশনাল হাইড্রোলজি প্রোজেক্ট'এর অধীনে, রাজ্যের জল সম্পদ বিভাগ এই পোর্টালটি তৈরি করেছে। আপাতত এই পোর্টালটিতে ৮০৫টি বাঁধের সম্পূর্ণ তথ্য, ২৪২টি বাঁধের দৈনিক তথ্য ও ৮৮টি বাঁধের লাইভ তথ্য পাওয়া যাবে। এছাড়াও, রেইনফল মডিউলে ১৯৫৭ সাল থেকে এখন পর্যন্ত ৩২৬টি রেইনগেজ স্টেশনের বিশ্লেষণ করা ডেটাও গ্রাফের মাধ্যমে দেখা যাবে বা, ডাউনলোডও করা যাবে পোর্টালটিতে।

□ এবছর 'বিশ্ব সুখ সূচক'এর রিপোর্ট প্রকাশিত হল। এই নিয়ে পরপর ৭ বার এই তালিকায় প্রথম স্থান পেল ফিনল্যান্ড। এর পাশাপাশি, বিশ্বের ১০টি সবথেকে সুখী দেশের মধ্যে রয়েছে ডেনমার্ক, আইসল্যান্ড ও সুইডেন। ১৪৩টি দেশের মধ্যে এই তালিকায় ১২৬ তম স্থানে রয়েছে ভারত। জর্ডান ও মিশরের মাঝখানে রয়েছে ভারত। ১০৮ তম স্থানে রয়েছে পাক-ই-স্তান ও ৯৩ তম স্থানে রয়েছে নেপাল। তবে, বিশ্বের সবথেকে অসুখী দেশ হিসাবে সামগ্রিক র‍্যাঙ্কিংয়ে একদম শেষে রয়েছে আফগান-ই-স্তান। কোনো দেশের ব্যক্তিদের জীবনে শান্তির খোঁজ, মাথাপিছু জিডিপি, সামাজিক সমর্থন, স্বাস্থ্যকর আয়ু, স্বাধীনতা, উদারতা ও দুর্নীতির ওপর ভিত্তি করে এই সুখী দেশের তালিকা তৈরি করা হয়।

□ সর্বসম্মতিক্রমে ২০২৩ সালের জন্য, ২৯ তম 'দেবী শঙ্কর অবস্থি পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন তরুণ কবি তথা সমালোচক নিশান্ত। সমালোচনামূলক বই 'কবিতা পাঠক আলোচনা' বইটির জন্য এই পুরস্কার পাচ্ছেন তিনি। এখন 'কাজি নজরুল বিশ্ববিদ্যালয়'এ সহকারি অধ্যাপক হিসাবে কর্মরত নিশান্ত। প্রসঙ্গত উল্লেখ্য, ড.দেবীশঙ্কর অবস্থি ছিলেন হিন্দি সাহিত্যের একজন বিখ্যাত সমালোচক। তাঁর স্মরণে গত ২৯ বছর ধরে প্রতি বছর ৪৫ বছর বয়স পর্যন্ত একজন তরুণ সমালোচককে এই পুরস্কার দেওয়া হচ্ছে। ৫ এপ্রিল নয়াদিল্লিতে এই পুরস্কার দেওয়া হয়েছে।

□ ১ বছর শাসনভার সামলানোর পর ভিয়েতনামের প্রেসিডেন্টের পদ থেকে পদত্যাগ করলেন ভো ভ্যান থুং। দেশটির ক্ষমতাসীন কমিউনিস্ট পার্টি এই ঘোষণা করেছে। দলটি জানিয়েছে, 'লঙ্ঘন ও ত্রুটির' জন্য দোষী থুং ও কেন্দ্রীয় কমিটিতে তাঁর পদত্যাগ গৃহীত হয়েছে। পদত্যাগের বিস্তারিত কারণ প্রকাশ্যে আনা হয়নি।

**২১ মার্চ :** আয়ারল্যান্ডের সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী হতে চলেছেন ৩৭ বছর বয়সি সাইমন হ্যারিস।

□ সর্বসম্মতিক্রমে 'ইন্ডিয়ান স্টিল অ্যাসোসিয়েশন'এর প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন নবীন জিন্দাল।



এবছর আসন্ন 'প্যারিস অলিম্পিক'এর জন্য ভারতের পতাকাবাহক হিসাবে টেবল টেনিস তারকা শরৎ কমল'এর নাম ঘোষণা করল 'ভারতীয় অলিম্পিক্স অ্যাসোসিয়েশন'। ওই অলিম্পিকের আসরে ভারতীয় ক্রীড়াবিদদের ঐক্য ও উদ্দীপনার প্রতিভূ হয়ে উঠবেন তিনি। অন্যদিকে, অলিম্পিকে ভারতীয় ক্রীড়াবিদদের জন্য 'শেফ দ্য মিশন' হিসাবে ঘোষিত হয়েছে 'লন্ডন অলিম্পিক্স'এ ব্রঞ্জ পদক জয়ী মেরি কম'এর নাম ও 'ডেপুটি শেফ দ্য মিশন' হিসাবে ঘোষিত হয়েছে প্রাক্তন শীতকালীন অলিম্পিয়ান শিবা কেশবন'এর নাম।

□ ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের ছোট দেশ হাইতিতে ক্রমবর্ধমান মাফিয়াদের মারাত্মক হিংসাত্মক তাণ্ডবে সেখানে আটকে পড়া ভারতীয়দের প্রতিবেশী দেশ ডোমিনিকান রিপাব্লিকে স্থানান্তর করতে 'অপারেশন ইন্দ্রাবতী' চালু করেছে কেন্দ্রীয় সরকার। এদিন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস.জয়শঙ্কর এই তথ্য জানিয়েছেন। সেখান থেকে সরিয়ে আনা ১২ জন ভারতীয় নাগরিকের ছবিও এদিন প্রকাশ করেছেন তিনি। কেন্দ্রীয় পররাষ্ট্র মন্ত্রকের মতে, হাইতিতে প্রায় ৭৫ থেকে ৯০ জন ভারতীয় রয়েছেন, যাঁদের মধ্যে ৬০ জন ভারতে ফিরে আসার জন্য ভারতীয় কর্তৃপক্ষের মাধ্যমে নিবন্ধিত হয়েছেন। প্রাক্তন ফরাসি উপনিবেশ হাইতিতে ভারতের কোনো কূটনৈতিক মিশন নেই। ডোমিনিকান রিপাব্লিকের রাজধানী সান্তো ডোমিঙ্গো'তে ভারতীয় কূটনৈতিক মিশন দেশের পরিস্থিতি সামাল দিচ্ছে। ডোমিনিকান রিপাব্লিক হল হাইতির প্রতিবেশী দেশ। প্রসঙ্গত উল্লেখ্য, চরম অরাজকতা, লুঠতরাজে জেরবার হাইতি। মাফিয়াদের তাণ্ডবে সাধারণ মানুষের জীবন বিপন্ন হচ্ছে। ইস্তফা দিয়েছেন সেদেশের প্রধানমন্ত্রী অ্যারিয়াল হেনরি।

□ জনপ্রিয় ফুড গাইড 'টেস্ট অ্যাটলাস'এর বিশ্বব্যাপী সমীক্ষার ভিত্তিতে বিশ্বের ১০টি জিভে জল আনা চিজ ডেজার্টের তালিকায় ২ নম্বর স্থান পেল বাংলার রসমালাই। এই তালিকায় ১ নম্বর স্থানে রয়েছে পোল্যান্ডের অতি জনপ্রিয় চিজ কেক 'সেরনিক'। এই ফুড গাইডে 'রসমালাই'কে ভারতের সেরা মিষ্টি বলেও উল্লেখ করা হয়েছে। বলা হয়েছে, ছানা ও ক্রিমের মিশ্রণে স্পঞ্জের মতো এমন মিষ্টি পৃথিবীতে বিরল।

□ ২০২৩ সালের 'গ্লোবাল ক্লাইমেট রিপোর্ট' প্রকাশ করল 'বিশ্ব আবহাওয়া সংস্থা'। এই রিপোর্টে বলা হয়েছে, ২০২৩ সাল উষ্ণায়নের পুরনো সব রেকর্ডকে ছাপিয়ে গিয়েছে। স্বাভাবিকভাবেই যার প্রভাব পড়েছে সমুদ্রের জলের তাপমাত্রা বৃদ্ধি ও হিমবাহের ব্যাপক পরিবর্তনের মধ্য দিয়ে। রাষ্ট্রপুঞ্জের আবহাওয়া সংক্রান্ত বার্ষিক রিপোর্টে সবথেকে উষ্ণ দশক হিসাবে চিহ্নিত করা হয়েছে ২০১৪ থেকে ২০২৩ সালের সময়সীমাকে। রিপোর্ট অনুযায়ী, ভূপৃষ্ঠের তাপমাত্রা গত বছরে গড়ে প্রায় ১.৪৫ ডিগ্রি সেলসিয়াস বেড়েছে, যা উদ্বেগের বিষয়। বিশ্ব জুড়ে এই তাপমাত্রা বাড়ার জেরে বন্যা, খরা, দাবানল ও ঘূর্ণিঝড়ের মতো বিপর্যয় সৃষ্টি হচ্ছে। পরিবেশ বিজ্ঞানীরা সতর্ক করে বলেছেন, ২০২৪ সালে এই পরিস্থিতি আরও খারাপ হতে পারে।

☞ এরপর ১৫ পাতায়

https://t.me/VISION_ACADEMY_PDF

সাম্প্রতিক তথ্যে ভরা

# চাকরির জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্টাফ সিলেকশনের

■ *ও.বি.সি. সার্টিফিকেটের জন্য দরখাস্ত করেছি। এখন কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের পরীক্ষা দিলে পরে সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় ও.বি.সি. সার্টিফিকেট পেয়ে থাকলে অসুবিধা হবে কি? না তখন জেনারেল হিসাবে গণ্য হবে? — শ্রেয়সী মণ্ডল, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় ও.বি.সি. সার্টিফিকেট পেয়ে থাকলে ও.বি.সি. ক্যাটেগরিতেই সুযোগ পাবেন।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের দরখাস্তে যে ফটো সেঁটেছি, তার ব্যাকগ্রাউন্ড লাইট স্কাই ব্লু দিয়েছি। এজন্য অসুবিধা হবে কি? — প্রশান্ত রায়, দক্ষিণ ডাঙ্গাপাড়া, ধূপগুড়ি, জলপাইগুড়ি।*

■■ না, অসুবিধা হবে না।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা কবে হবে? — সেখ শাহ আলম, পিংলা, পশ্চিম মেদিনীপুর।*

■■ দুই পদের পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি।

■ *সিভিক ভলান্টিয়ার পদে এবছর নতুন করে নিয়োগের সম্ভাবনা আছে কি? এই পদে শুরুতে মাইনে কত? কী ধরনের কাজ করতে হয়? — সৈকত কর্মকার, খাটুরা বাজার, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ সিভিক ভলান্টিয়ার পদের জন্য অন্তত মাধ্যমিক পাশ হতে হবে। আর বয়স হতে হবে ২০ থেকে ৬০ বছরের মধ্যে। সিভিক ভলান্টিয়াররা মাসে ৯ হাজার টাকা মাইনে পেয়ে থাকেন। এছাড়া অতিরিক্ত কোনো ভাতা দেওয়া হয় না। তবে পুজোয় বোনাস দেওয়া হয়। সিভিক ভলান্টিয়ারদের মূলত কাজ করতে হয় আইন-শৃঙ্খলা সংক্রান্ত। তবে, সিভিক ভলান্টিয়াররা সরাসরি কাজ করতে পারবে না। পুলিশের কাজে সহযোগিতা করাই হল মূলত সিভিক ভলান্টিয়ারদের কাজ। এঁদের মূলত কাজ করতে হবে বিভিন্ন থানায় সহযোগিতা করা, ট্রাফিক ব্যবস্থা সামলানো, পুজোর ভিড় বা, অন্যান্য উৎসবের সময় নিরাপত্তা দেওয়া। কাজ করতে হবে সংশ্লিষ্ট থানার অধীন জায়গাতে।

## স্কুল সার্ভিসের

■ *স্কুলে নবম-দশম শ্রেণির জন্য কবে বিজ্ঞপ্তি বেরোবে? — এস.এম. সেলিম, তেনাউড়ি, ঔরঙ্গাবাদ, মুর্শিদাবাদ।*

■■ বিজ্ঞপ্তি বেরোতে দেরি আছে।

■ *মাদ্রাসা সার্ভিস কমিশনের এস.এল.এস.টি.'র যে পরীক্ষা হল, তার ফল কবে বেরোবে? — নয়নতারা ব্যানার্জী, হুগলি।*

■■ ফল বেরোতে দেরি আছে। সম্প্রতি মাদ্রাসার 'টেট'এর উত্তরপত্র প্রকাশিত হয়েছে।

■ *স্কুল সার্ভিসের মাধ্যমে ক্লার্ক ও গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — রমা হালদার, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, বেরোতে দেরি আছে।

## ব্যাঙ্কে চাকরির

■ *সমবায় ব্যাঙ্কে ক্লার্ক পদের পরীক্ষা কবে হতে পারে? — অভীক ঘোষ, চাঁদপাড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

## নার্সিংয়ের

■ *জি.এন.এম. পাশ করেছি। স্টাফ নার্স কীভাবে নিয়োগ করা হয়? নার্সিং স্টাফ নিয়োগে অতিরিক্ত কি কোর্স করে থাকলে বেশি নম্বর পাওয়া যায়? যোগ্যতা কি লাগে? — জ্যোতির্ময় রায়, পশ্চিম সপ্তিবাড়ি, জলপাইগুড়ি। অর্পিতা মাঝি, হুগলি।*

■■ পশ্চিমবঙ্গ হেলথ রিক্রুটমেন্ট বোর্ড সরাসরি বিজ্ঞপ্তি দিয়ে স্টাফ নার্স পদে নিয়োগ করে। এছাড়াও সংশ্লিষ্ট জেলা স্বাস্থ্য দফতর চুক্তিতে স্টাফ নার্স নিয়োগ করে। স্টাফ নার্স পদের জন্য যোগ্যতা দরকার — জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.) কোর্স পাশ বা, বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশ কিংবা পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশ তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিলে ফিমেল / মেল নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা বা, নেপালী ভাষায় লিখতে ও পড়তে জানতে হবে। বয়স হতে হবে ৩৯ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বেসিক পে : ২৯,৮০০ টাকা। দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের টেস্ট বা, ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় থাকবে ১০০ নম্বর। এর মধ্যে নার্সিং যোগ্যতার জন্য থাকবে ৪০ নম্বর, অতিরিক্ত যোগ্যতা ২০ নম্বর, অভিজ্ঞতার জন্য ২৫ নম্বর, ইন্টারভিউয়ের জন্য ১৫ নম্বর।

জেলা স্বাস্থ্য দফতরে স্টাফ নার্স পদে নিয়োগের জন্য যোগ্যতা দরকার — জি.এন.এম. কোর্স পাশরা পশ্চিমবঙ্গ বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা।

## পঞ্চায়েত-এর

■ *গ্রাম পঞ্চায়েতের অনলাইন রেজিস্ট্রেশন কবে থেকে শুরু হবে? শেষ তারিখ কবে? — আকাশ শীল, ঠাকুরপুকুর, কলকাতা-৬১।*

■■ সম্ভবত নির্বাচনের পর অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে।

■ *গ্রাম পঞ্চায়েতে নিয়োগের জন্য এখনো নাম রেজিস্ট্রেশন করিনি। যখন পুরোপুরি দরখাস্ত নেওয়া শুরু হবে, তখন নাম রেজিস্ট্রেশন-সহ দরখাস্ত করলে অসুবিধা হবে কি? — মীনা বসু, জগদীশপুর, হাওড়া।*

■■ না, অসুবিধা হবে না।

■ *গ্রাম পঞ্চায়েতে এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট পদের জন্য কম্পিউটারের যে যোগ্যতা চাওয়া হয়েছে, সেখানে যুব কম্পিউটার কিংবা জওহরলাল নেহরু কম্পিউটার সেন্টার-সহ একাধিক সংস্থা থেকে পাশ করলে ওই সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করা যাবে কি? — তনু কোটাল, পিড়াকাটা, পশ্চিম মেদিনীপুর।*

■■ হ্যাঁ, যাবে।

## রেলে চাকরির

■ *রেলের টিকিট কালেক্টর পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? শূন্যপদ কত থাকতে পারে? — সোমা কারক, বেলেঘাটা, কলকাতা।*

■■ রেলের এন.টি.পি.সি., জুনিয়র ইঞ্জিনিয়ার ও প্যারামেডিক্যাল ক্যাটেগরিতে প্রায় ৫০ হাজার শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে জুন-জুলাই নাগাদ। বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এ দেওয়া হবে।

■ *রেলওয়ে প্রোটেকশন ফোর্সে কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর দু'টি পদের জন্য একটি দরখাস্ত করতে হবে না, দু'টি দরখাস্ত করা যাবে? দু'টি পদেরই রিক্রুটমেন্ট অথরিটি একই বোর্ড। — প্রশান্ত রায়, ভোলামোর, শাহডাংগি, জলপাইগুড়ি।*

■■ দু'টি পদের জন্য আলাদাভাবে আলাদা ফী দিয়ে দরখাস্ত করতে হবে। পরীক্ষা আলাদা দিনেই হবে।

## পি.এস.সি.'র

■ *মিসলেনিয়াস সার্ভিসেস-এর যে পরীক্ষা ২৪ জুলাই হওয়ার সম্ভাবনা আছে, সেখানে পরীক্ষা ক'টি পার্টে হবে? কী কী বিষয় থাকবে? প্রথম পার্টের পরীক্ষার পর ইন্টারভিউ হয় না, দ্বিতীয় পার্টের পরীক্ষা হয়? — দেবরাজ কর্মকার, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা-৯।*

■■ মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা হয় এই তিনটি ধাপে : (১) প্রিলিমিনারি পরীক্ষা, (২) ফাইনাল মেন পরীক্ষা, (৩) পার্সোন্যালিটি টেস্ট। প্রিলিমিনারি পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের একটি পেপার থাকে। মোট দেড় ঘন্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েজ-টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপে মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন থাকবে। সফল হলে ৪৫০ নম্বরের ফাইনাল পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) বাংলা বা, হিন্দি, (৩) জেনারেল স্টাডিজ অ্যান্ড অ্যারিথমেটিক। প্রথম ২টি পেপারের প্রতিটিতে থাকবে ১৫০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা করে। সব ক্ষেত্রে উচ্চমাধ্যমিক মানের ডেসক্রিপটিভ টাইপের প্রশ্ন হবে। তৃতীয় পেপারে জেনারেল স্টাডিজের ১০০ নম্বরের ও অ্যারিথমেটিকের ৫০ নম্বরের পরীক্ষা হবে। সময় আড়াই ঘন্টা। জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক গ্রুপের প্রশ্নের উত্তর বাংলায় দিতে পারবেন। পার্ট-টু পরীক্ষা হবে একই দিনে। সফল হলে ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

■ *মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা কবে হতে পারে? — স্বর্ণাভ কুণ্ডু, ১২৭ রাইফেল ক্লাব, বসন্তভিলা, কলকাতা-৭০।*

■■ সম্ভবত মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা হবে ২৮ জুলাই।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। এই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| রেলওয়ে প্রোটেকশন ফোর্সে সাব-ইন্সপেক্টর | গ্র্যাজুয়েট পাশ | ৪৫২ | ১৪-৫-২৪ | সংশ্লিষ্ট রেল রিক্রুট. বোর্ডের ওয়েবসাইট |
| পলিটেকনিকের ডিপ্লোমা কোর্সে ভরতি শুরু | মাধ্যমিক পাশ | - | ১৫-৫-২৪ | https://scvtwb.in |
| আই.টি.আই কোর্সে ভরতি | মাধ্যমিক | - | ১৫-৫-২৪ | https://scvtwb.in |
| সেনাবাহিনীতে টেকনিক্যাল অফিসার | গ্র্যাজুয়েট | ৩০ | ৯-৫-২৪ | www.joinindianarmy.nic.in |
| পশ্চিমবঙ্গ পুলিশে রাইফেলম্যান | মাধ্যমিক পাশ | ৪০০ | - | www.policewb.gov.in |
| স্টিল অথরিটিতে সার্ভেয়র, টেকনিশিয়ান | ITI, ডিপ্লোমা | ৮১ | ৭ মে | www.sail.co.in |
| SSC কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষার মাধ্যমে অফিসার | HS পাশ | ৩,৭১২ | ৭-৫-২৪ | www.ssconline.nic.in |
| রেলওয়ে প্রোটেকশন ফোর্সে কনস্টেবল | মাধ্যমিক পাশ | ৪,২০৮ | ১৪-৫-২৪ | সংশ্লিষ্ট রেল রিক্রুট. বোর্ডের ওয়েবসাইট |
| রাজ্যে ফিশারি অফিসার | গ্র্যাজুয়েট | ৮১ | ১৩-৫-২৪ | https://pscwb.gov.in |
| দক্ষিণ-পূর্ব মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI | ৮৬১ | ৯-৫-২৪ | https://apprenticeshipindia.gov.in |
| ঝাড়খণ্ড হাই কোর্টে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৪১০ | ৯-৫-২৪ | www.jharkhandhighcourt.nic.in |
| ইউ.জি.সি.'র 'নেট' পরীক্ষার মাধ্যমে লেকচারার | পোস্ট-গ্র্যাজুয়েট | - | ১০-৫-২৪ | https://ugcnet.nta.nic.in |
| ন্যাভাল ডকইয়ার্ডে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI | ৩০১ | ১০-৫-২৪ | https://registration.ind.in |
| কালিম্পং জেলা ও সেশন জাজেস কোর্টে ক্লার্ক, পিওন | মাধ্যমিক, এইট পাশ | ৩৭ | ১৭-৫-২৪ | www.kalimpongcourtrecruit2024.in |
| আই.আই.টি. যোধপুরে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৪১ | ৭-৫-২৪ | www.iitj.ac.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-I পদের (RRB-XIII) প্রিলি. পরীক্ষা | ৩, ৪, ১০, ১৭ ও ১৮ আগস্ট | www.ibps.in |
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিসার স্কেল-II ও III (RRB-XIII) পরীক্ষা | ২৯ সেপ্টেম্বর | www.ibps.in |
| নার্সিং (ANM & GNM) কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা | ১৪ জুলাই | www.wbjeeb.in |
| UPSC-এর সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| UPSC-এর ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| C-TET-এর পরীক্ষা | ৭ জুলাই | www.ctet.nic.in |
| SSC-এর জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষা | ৪-৬ জুন | www.ssc.nic.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | আগস্টে | www.wbpsc.gov.in |
| PSC-এর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা-২০২৩ | ২৮ জুলাই | www.wbpsc.gov.in |
| SSC-ফেজ XII পরীক্ষা | ২৪-২৬ জুন | www.ssc.nic.in |

https://t.me/VISION_ACADEMY_PDF

# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

১৩ পাতার পর

❑ এবছর লেবাননে, 'ডব্লুটিটি ফিডার বেইরুট' টেবল টেনিসে পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতের সাথিয়ান জ্ঞানশেখরন। প্রথম ভারতীয় টেবল টেনিস খেলোয়াড় হিসাবে এই খেতাব জিতলেন সাথিয়ান। ভারতেরই মানব বিকাশ ঠক্কর'কে ৩-১, ৬-১১, ১১-৭, ১১-৭ ও ১১-৪ ব্যবধানে হারিয়ে, এই খেতাব জিতলেন তিনি।

❑ এবছর আইপিএল'এ চেন্নাই সুপার কিংসের অধিনায়কত্ব করবেন না মহেন্দ্র সিং ধোনি। তাঁর বদলে ওই দলের নতুন অধিনায়ক হলেন রুতুরাজ গায়কোয়াড়।

২২ মার্চ : 'ডিজিটাল নিউজ পাব্লিশার্স অ্যাসোসিয়েশন'এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন মরিয়ম মাম্মেন ম্যাথিউ। ১ এপ্রিল থেকে দায়িত্ব নিয়েছেন তিনি।

❑ 'বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশন'এর কমিশনার হিসাবে ভূষণ গাগরানি'কে নিযুক্ত করল ভারতীয় নির্বাচন কমিশন।

❑ কিউবা প্রজাতন্ত্রে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন টি.আমর্স্ট্রিং চ্যাংসান।

❑ ভুটানের সর্বোচ্চ নাগরিক সম্মান 'অর্ডার অফ দ্য ড্রুক গ্যালপো' পেলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনিই হলেন প্রথম কোনো বিদেশি রাষ্ট্রনেতা, যাঁকে এই সম্মানে ভূষিত করল ভুটান। ভারত-ভুটান সম্পর্কের উন্নতিতে তাঁর অসামান্য অবদান আর ভুটানি জাতি ও জনগণের জন্য বিশিষ্ট পরিষেবার কারণে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুক তাঁকে এই সম্মান প্রদান করেছেন।

❑ মর্যাদাপূর্ণ 'অ্যাভিয়েশন উইক লরিয়েটস পুরস্কার'এ ভূষিত হল 'ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা'। 'চন্দ্রযান-৩' মিশনে উল্লেখযোগ্য সাফল্যের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল তারা। মার্কিন যুক্তরাষ্ট্রে, ভারতীয় দূতাবাসের ডেপুটি রাষ্ট্রদূত শ্রীপ্রিয়া রঙ্গনাথন 'ইসরো'র তরফ থেকে এই পুরস্কার নিয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, অ্যাভিয়েশন ও অ্যারোস্পেস শিল্পে ব্যক্তি ও দলের অসাধারণ কৃতিত্বের স্বীকৃতি হিসাবে এই মর্যাদাপূর্ণ পুরস্কার দেওয়া হয়।

❑ বিশ্বে এই প্রথম জীবন্ত কোনো মানুষের শরীরে সফলভাবে শূকরের কিডনি প্রতিস্থাপন করে নজির গড়ল মার্কিন যুক্তরাষ্ট্র। শূকরের কিডনির জিনগত পরিবর্তন এনে, দেশটির ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের বোস্টনের জেনারেল হাসপাতালের ট্রান্সপ্ল্যান্ট সেন্টারের চিকিৎসকরা মানুষের শরীরে সফলভাবে বসিয়েছেন। ৬২ বছর বয়সি রিক স্লেম্যান'এর শরীরে ৪ ঘন্টা ধরে অস্ত্রোপচার করে ওই কিডনি প্রতিস্থাপন করা হয়। তিনি দীর্ঘদিন ধরে কিডনির রোগে ভুগছিলেন ও তাঁর ডায়ালিসিস চলছিল। চিকিৎসকরা জানিয়েছেন, তাঁর শরীরের ওই নতুন কিডনিটি বছরের পর বছর টিকে থাকতে পারে। তিনি ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন ও খুব তাড়াতাড়ি তাঁকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হবে বলে মনে করা হচ্ছে।

❑ প্রথম ভারতীয় ক্রিকেটার হিসাবে টোয়েন্টি-২০ ক্রিকেটে ১২,০০০ রান সম্পূর্ণ করলেন বিরাট কোহলি। এদিন, আইপিএল'এর উদ্বোধনী ম্যাচে চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরুর হয়ে খেলতে নেমে টোয়েন্টি-২০'তে ১২,০০০ রানের গণ্ডি অতিক্রম করেন তিনি। এদিন, একটি ছক্কার সাহায্যে ২০ বলে ২১ রান করে আউট হন কোহলি। এই ম্যাচের পর কোহলির টোয়েন্টি-২০ কেরিয়ারের সার্বিক রান সংখ্যা দাঁড়ায় ১২,০১৫। ঘরোয়া ও আন্তর্জাতিক মিলিয়ে ৩৭৭টি টোয়েন্টি-২০ ম্যাচের ৩৬০টি ইনিংসে ব্যাট করতে নেমে এই কৃতিত্ব অর্জন করেছেন তিনি। টোয়েন্টি-২০ ক্রিকেটে ৮টি শতরান ও ৯১টি অর্ধশতরান করেছেন তিনি। তবে, বিশ্বের ষষ্ঠ ব্যাটার হিসাবে টোয়েন্টি-২০ ক্রিকেটে ১২,০০০ রানের মাইলফলক টপকেছেন কোহলি। তাঁর আগে এই কৃতিত্ব অর্জন করেছেন ওয়েস্ট ইন্ডিজের ক্রিস গেইল (১৪,৫৬২ রান), পাক-ই-স্তানের শোয়েব মালিক (১৩,৩৬০ রান). ওয়েস্ট ইন্ডিজের কায়রন পোলার্ড (১২,৯০০ রান), ইংল্যান্ডের অ্যালেক্স হেলস (১২,৩১৯ রান) ও অস্ট্রেলিয়ার ডেভিড ওয়ার্নার (১২,০৬৫ রান)। ভারতীয়দের মধ্যে এই তালিকার ৮ নম্বরে রয়েছেন রোহিত শর্মা (১১,১৫৬ রান)।

২৩ মার্চ : উত্তর প্রদেশের স্বরাষ্ট্রসচিব হিসাবে নিযুক্ত হলেন দীপক কুমার।

'ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন'এর ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন হংশ মিশ্র।



❑ বিশ্বের প্রথম ব্যক্তি হিসাবে, পৃথিবীর সবথেকে দূরবর্তী অবস্থান পয়েন্ট নিমোতে সাঁতার কেটে ইতিহাস গড়লেন ব্রিটিশ অভিযাত্রী তথা প্রযুক্তি উদ্যোক্তা ৬২ বছর বয়সি ক্রিস ব্রাউন ও তাঁর ছেলে ৩০ বছর বয়সি মিকা ব্রাউন। নিউজিল্যান্ডের পূর্বে দক্ষিণ প্রশান্ত মহাসাগরে অবস্থিত পয়েন্ট নিমো। পয়েন্ট নিমো'র সবথেকে কাছের ভূমি হল 'পিটকের্ন দ্বীপপুঞ্জ', যা ২,৬৮৮ কিলোমিটার দূরে অবস্থিত। ১২ মার্চ, নাবিক ও একজন ভিডিওগ্রাফার নিয়ে গঠিত একটি ক্রু নিয়ে এই অভিযানের উদ্দেশ্যে যাত্রা করেন ব্রাউন।

❑ ২টি প্রাচীন নক্ষত্রের প্রবাহ উন্মোচন করল 'ইউরোপীয় মহাকাশ সংস্থা'র গায়া স্পেস টেলিস্কোপ। এই দু'টি নক্ষত্র প্রবাহের নাম দেওয়া হয়েছে 'শিব' ও 'শক্তি'। বিজ্ঞানীরা মনে করছেন, আমাদের ছায়াপথ মিল্কিওয়ে গঠনের প্রাথমিক উপাদান হতে পারে এগুলি। তাঁদের ধারণা, এই স্রোত দু'টি গ্যালাক্সির অবশিষ্ট অংশ হতে পারে, যেটি একত্রিত হয়েছিল প্রায় ১২০০-১৩০০ কোটি বছর আগে। এই আবিষ্কার দলের নেতৃত্বে ছিলেন হাইডেলবার্গে অবস্থিত 'ম্যাক্স প্লাঙ্ক ইনস্টিটিউট ফর অ্যাস্ট্রোনমি'এর খেয়াতি মালহান। তিনি বলেছেন, এই তারার জন্মের পর আকাশ গঙ্গায় বেশ কিছু পরিবর্তন হয়েছে। বিজ্ঞানীদের মতে, গ্যালাক্সি ও এই পৃথিবীর গঠন রহস্য সম্পর্কে আরো ভালোভাবে জানা যাবে এই আবিষ্কারের পর।

❑ সীমান্ত এলাকায় নজরদারির জন্য, 'ত্রিশুল' নামে বিশেষ ড্রোন চালু করল ভারতের শীর্ষস্থানীয় ড্রোন-টেক সংস্থা 'গরুর অ্যারোস্পেস'। সীমান্ত এলাকা দিয়ে কারা চলাচল করছে, তাদের ওপর নজর রাখা ও সেই তথ্য বিশ্লেষণ করার কাজে ভারতীয় সেনাবাহিনীকে শক্তিশালী করবে এই ড্রোন। প্রাকৃতিক দুর্যোগ, বিপর্যয় ও বিভিন্ন জরুরি অবস্থাতেও 'ত্রিশুল' ড্রোনকে কাজে লাগানো যেতে পারে। ট্র্যাফিক পরিস্থিতি মূল্যায়নেও এই ড্রোন ব্যবহার করা যেতে পারে। এটি রিয়েল-টাইম ছবি পাঠাতে পারে। দূরে বসে, এই ড্রোনের মাধ্যমে বিস্তৃত এলাকার ওপর নজর রাখা যাবে। এজন্য হাই-ডেফিনেশন ক্যামেরা, ইনফ্রারেড ক্যামেরা, লাইডার ও রাডারের মতো বিভিন্ন ধরনের সেন্সর রয়েছে এই ড্রোনে। প্রসঙ্গত উল্লেখ্য, এই ড্রোন সংস্থা 'গরুর অ্যারোস্পেস'এ বিনিয়োগ করেছেন প্রাক্তন ক্রিকেটার মহেন্দ্র সিং ধোনি। তিনিই এই সংস্থার প্রচারদূত।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## স্কুলে শিক্ষক-শিক্ষিকা পদে চাকরি

নিজস্ব সংবাদদাতা, নদিয়া : উত্তর ২৪ পরগনা জেলার ইভাঞ্জেল পাব্লিক স্কুল 'অ্যাসিস্ট্যান্ট টিচার' পদে ৮ জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে বাংলা, হিন্দি, বিজ্ঞান, ইংরিজি বিষয়ে আর প্রি-প্রাইমারি টিচার পদে। বি.এড. বা. ডি.এল.এড. যোগ্যতা থাকতে হবে। আগ্রহী প্রার্থীরা ৭ দিনের মধ্যে বায়োডাটা পাঠাবেন এই ই-মেল আই.ডি.-তে : evangelps2018@gmail.com ফোন : 6295073753





ANIHM
HOTEL MANAGEMENT
Under 3D Educational Trust




MAKAUT WB মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (ম্যাকাউ, পশ্চিমবঙ্গ অনুমোদিত)
(CENTER FOR COLLABORATIVE PROGRAMS)
Under 3D Educational Trust | Ashoknagar (Near Hizlia more on Girat Road)

ANIHM সুযোগ করে দিচ্ছে এক অবিশ্বাস্য নিজের ইনকামে Hotel Management-এ বিভিন্ন course করার সুযোগ। ANIHM এর course গুলি হল 6 months, 1 year, 2 years, 3 years. তাই আর দেরি না করে অতি সত্বর যোগাযোগ করুন ANIHM এর সাথে।



* T & C Apply

ADI NALANDA INSTITUTE OF HOTEL MANAGEMENT
DB-87, Sector-1, Saltlake City, Kol- 64 (Bus Stop CA Island)
Contact- 03340001218 / 9147331162
E-mail: anihmkd@gmail.com, web : www.anihm.co.in


https://t.me/VISION_ACADEMY_PDF

# কেন্দ্রীয় সরকারে কোথায় কী কী চাকরি

১ পাতার পর

**(১) জিওসায়েন্টিস্ট :** কেন্দ্রীয় সরকারের জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া 'জিওলজিস্ট গ্রুপ-এ', 'জিওফিজিসিস্ট, গ্রুপ-এ' ও 'কেমিস্ট গ্রুপ-এ' আর জলসম্পদ মন্ত্রকের অধীন সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড 'সায়েন্টিস্ট -বি (জিওফিজিসিস্ট), গ্রুপ-এ' ও 'সায়েন্টিস্ট-বি (হাইড্রোজিওলজিস্ট), গ্রুপ-এ পদে প্রতি বছরই ছেলেমেয়ে নেওয়া হয় ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট' পরীক্ষার মাধ্যমে।

জিওলজিক্যাল সায়েন্স, জিওলজি, অ্যাপ্লায়েড জিওলজি, জিওএক্সপ্লোরেশন, মিনারেল এক্সপ্লোরেশন, ইঞ্জিনিয়ারিং জিওলজি, মেরিন জিওলজি, আর্থ-সায়েন্স অ্যান্ড রিসোর্স ম্যানেজমেন্ট, ওশানোগ্রাফি অ্যান্ড কোস্টাল এরিয়া স্টাডিজ, পেট্রোলিয়াম জিওসায়েন্স, জিওকেমিস্ট্রি, ফিজিক্স, অ্যাপ্লায়েড কেমিস্ট্রি, অ্যানালিটিক্যাল কেমিস্ট্রি, অ্যাপ্লায়েড ফিজিক্স, জিওফিজিক্স, অ্যাপ্লায়েড জিওফিজিক্স, মেরিন জিওফিজিক্সের এম.এসসি কোর্স পাশরা আবেদনের যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে ৪০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা হবে। তাতে সফল হলে ৬০০ নম্বরের মেন পরীক্ষা হবে ২১ ও ২২ জুন। তারপর ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। এবছর বিজ্ঞপ্তি বেরোবে ৪ সেপ্টেম্বর। দরখাস্ত করার শেষ তারিখ ২৪ সেপ্টেম্বর। পরীক্ষা হবে আগামী বছর ৯ ফেব্রুয়ারি। দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in

**(২) ইঞ্জিনিয়ারিং সার্ভিস :** ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ২১ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। ওয়্যারলেশ কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, রেডিও ফিজিক্স বা, রেডিও ইঞ্জিনিয়ারিং বিষয় নিয়ে এম.এসসি. কোর্স পাশরাও আবেদনের যোগ্য। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন।'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পরীক্ষা'র মাধ্যমে। এবছর বিজ্ঞপ্তি বেরোবে ১৮ সেপ্টেম্বর। দরখাস্ত করার শেষ তারিখ ৮.অক্টোবর। পরীক্ষা হবে আগামী বছর ৯ ফেব্রুয়ারি।

**(৩) ন্যাশনাল ডিফেন্স অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি :** উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা স্থলবাহিনীর জন্য আর ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা 'বিমানবাহিনী' বা, 'নৌবাহিনী'র জন্য আবেদন করতে পারেন। আগামী বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৬ থেকে ১৯ বছরের মধ্যে। এই পরীক্ষা হয় বছরে দু'বার এপ্রিল ও সেপ্টেম্বরে। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন'র মাধ্যমে।

আগামী বছরের ১৩ এপ্রিলের পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি বেরোবে ১১ ডিসেম্বর ও পূরণ-করা দরখাস্ত জমা নেওয়া হবে ৩১ ডিসেম্বর পর্যন্ত। আগামী বছরের ১৪ সেপ্টেম্বরের পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি বেরোবে ২৮ মে ও পূরণ-করা দরখাস্ত জমা নেওয়া হবে ১৭ জুন পর্যন্ত। পরীক্ষা হয় এক দিনে এই দুই পেপারের : (১) ৩০০ নম্বরের অঙ্ক, (২) ৬০০ নম্বরের জেনারেল এবিলিটি টেস্ট। প্রতিটি পেপারে আড়াই ঘন্টা সময়। সফল হলে ৯০০ নম্বরের ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট হবে।

**(৪) কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি হলে 'ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি'র জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৯ থেকে ২৪ বছরের মধ্যে। মোট ১৮ মাসের ট্রেনিং হবে 'জেন্টলম্যান ক্যাডেট'-এ। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (ফর মেন)'এ আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ অবিবাহিতা তরুণীরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (ফর উইমেন)'এ আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৯ থেকে ২৫ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত১৫৭.৫ সেমি। ট্রেনিং হবে মাদ্রাজের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। মোট ৯ মাসের ট্রেনিং হবে 'জেন্টেলম্যান ক্যাডেট'-এ।

ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখার গ্র্যাজুয়েট তরুণরা 'ন্যাভাল অ্যাকাডেমি'র জন্য আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ১৯ থেকে ২২ বছরের মধ্যে। শুরুতে ৫ মাসের ট্রেনিং হবে গোয়ার ন্যাভাল অ্যাকাডেমিতে, এক্সিকিউটিভ শাখার ক্যাডেট হিসাবে।

উচ্চমাধ্যমিকে ফিজিক্স বা, অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা 'এয়ারফোর্স অ্যাকাডেমি'র জন্য আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৯ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২.৫ সেমি, পায়ের মাপ লম্বায় অন্তত ৯৯-১২০ সেমি, থাই লম্বায় ৬৪-৮১.৫ সেমি ও বসার উচ্চতা ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমি। 'কম্বাইন্ড ডিফেন্স' পরীক্ষা হয় বছরে দু'বার। আগামী বছরের ১৩ এপ্রিলের পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি বেরোবে ১১ ডিসেম্বর ও পূরণ-করা দরখাস্ত জমা নেওয়া হবে ৩১ ডিসেম্বর পর্যন্ত। আগামী বছরের ১৪ সেপ্টেম্বরের পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি বেরোবে ২৮ মে ও পূরণ-করা দরখাস্ত জমা নেওয়া হবে ১৭ জুন পর্যন্ত।

**(৫) সিভিল সার্ভিস প্রিলিমিনারি :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২১ থেকে ৩২ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সাধারণ প্রার্থীরা ৬ বার, ও.বি.সি.'রা ৯ বার ও তপশিলীরা যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হয়। তাতে সফল হলে মেনস পরীক্ষা। তারপর সফল হলে ২৭৫ নম্বরের ইন্টারভিউ। ২০২৫ সালের সিভিল সার্ভিস প্রিলি পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে ২২ জানুয়ারি। দরখাস্ত জমা নেওয়া হবে ১১ ফেব্রুয়ারি পর্যন্ত। পরীক্ষা হবে আগামী বছর ২৫ মে। প্রিলি পরীক্ষায় সফল হলে মেনস পরীক্ষা হবে ২২ আগস্ট।

**(৬) ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস :** বটানি, কেমিস্ট্রি, জিওলজি, অঙ্ক, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, জুলজি, ফরেস্ট্রি, অ্যাগ্রিকালচার, ইঞ্জিনিয়ারিং, অ্যানিম্যাল হাজবেন্ড্রি ও ভেটেরিনারি সায়েন্সের মধ্যে যে কোনো একটি বিষয় নিয়ে গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২১ থেকে ৩২ বছরের মধ্যে বয়স থাকলে এই পরীক্ষার জন্য দরখাস্ত করতে পারেন। ২০২৫ সালের ফরেস্ট সার্ভিস প্রিলি পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে ২২ জানুয়ারি। দরখাস্ত জমা নেওয়া হবে ১১ ফেব্রুয়ারি পর্যন্ত। পরীক্ষা হবে আগামী বছর ২৫ মে। প্রিলি পরীক্ষায় সফল হলে মেনস পরীক্ষা হবে ২০২৫ সালের ১৬ নভেম্বর। এই পরীক্ষায় সফল হলে ৩০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

**(৭) ইন্ডিয়ান ইকনমিক / ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস :** ইকনমিক্স, অ্যাপ্লায়েড ইকনমিক্স, বিজনেস ইকনমিক্স ও ইকনমেট্রিক্স'এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা 'ইন্ডিয়ান ইকনমিক্স সার্ভিসেস'এর পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। স্ট্যাটিস্টিক্স, ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা 'ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসেস'এর পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। ওইসব বিষয় নিয়ে এবছর যাঁরা পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন তাঁরাও আবেদন করার যোগ্য। দুই সার্ভিসেস'এর বেলায় বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর আর ও.বি.সি. প্রার্থীরা ৩ বছর বয়সে ছাড় পাবেন। আগামী বছর ২০ জুনের পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি বেরোবে ১২ ফেব্রুয়ারি। দরখাস্ত জমা নেওয়া হবে ৪ মার্চ পর্যন্ত। প্রথমে হবে ৩ দিনের লিখিত পরীক্ষা। ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে থাকবে এই ৬টি পেপার : (১) জেনারেল ইংলিশ — ১০০ নম্বর, (২) জেনারেল স্টাডিজ-১০০ নম্বর, (৩) জেনারেল ইকনমিক্স -। -২০০ নম্বর, (৪) জেনারেল ইকনমিক্স-।।-২০০ নম্বরের, (৫) জেনারেল ইকনমিক্স -।।। - ২০০ নম্বর, (৬) ইন্ডিয়ান ইকনমিক্স - ২০০ নম্বর। সময় থাকবে প্রতিটি পেপারে ৩ ঘন্টা। ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসেস পরীক্ষায় থাকবে এই ৬টি পেপার : (১) জেনারেল ইংলিশ - ১০০ নম্বর, (২) জেনারেল স্টাডিজ - ১০০ নম্বর, (৩) স্ট্যাটিস্টিক্স-।- ২০০ নম্বর, (৪) স্ট্যাটিস্টিক্স-।।- ২০০ নম্বর, (৫) স্ট্যাটিস্টিক্স-।।।- ২০০ নম্বর, (৬) স্ট্যাটিস্টিক্স-IV-২০০ নম্বর। সব পেপারেই প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। সফল হলে ২০০ নম্বরের ইন্টারভিউ।

**(৮) সেন্ট্রাল পুলিশ ফোর্স (অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট):** গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২০ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে এই পরীক্ষা দিতে পারেন। ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য।'২০২৪ সালের সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স (অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্টস) এক্সামিনেশন' হবে ৪ আগস্ট। দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ মে'র মধ্যে। বিস্তারিত তথ্য এই সংখ্যায় দেওয়া হয়েছে। দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in ২০২৫ সালের এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে আগামী বছর ৫ মার্চ। পূরণ-করা ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ২৫ মার্চ। লিখিত পরীক্ষা ৩ আগস্ট।


**সরকারি চাকরি মানেই Summit Academy**

আর মাত্র কয়েকমাস হাতে আছে — PSC Cl./PSC Misc. পরীক্ষার। Summit Academy থেকে গতবার PSC Clerk-এ চাকরি পেয়েছেন 46 জন। PSC Crash Course – Admission চলছে। আমাদের অঙ্গীকার 100% সাফল্য। Prel + Main (PSC Cl)

*সদ্য সাফল্য পাওয়া কিছু ছাত্রছাত্রীদের ছবি —*



**Sealdah : 9903702875 / 8240609979**



## কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত SIASTM-এ

# কৃষিবিজ্ঞান কোর্স করার পর প্রচুর চাকরির সুযোগ আছে

ভারত-সহ আন্তর্জাতিক বাজারে কৃষি-শিল্প ও সহযোগীক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী পেশাদার তৈরির লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে শুরু হয়েছে কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সুসংহত ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স যা পশ্চিমবঙ্গে প্রথম। দক্ষ ও উদ্যোগী যুবসমাজের সামনে আরো বৃহত্তর কর্মক্ষেত্রে নিজেকে প্রবেশ করানোর সুযোগ করে দেবে এই ৫টি সুসংহত ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স : (১) ডিপ্লোমা ইন ভেটেরিনারি সায়েন্সেস অ্যান্ড অ্যানিমাল হাজবেন্ড্রি। সময়সীমা : ২ বছর সঙ্গে ৬ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (২) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (৩) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্রপ প্রোডাকশন অ্যান্ড প্ল্যান্ট হেল্থ ম্যানেজমেন্ট। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট। (৪) সার্টিফিকেট ইন মাশরুম কাল্টিভেশন অ্যান্ড স্পন প্রোডাকশন। সময়সীমা : ৩ মাস। যোগ্যতা : মাধ্যমিক পাশ।

উল্লেখযোগ্য বিষয় : (১) কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। (২) সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। (৩) বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতে উচ্চপদে চাকরির সুযোগ। (৪) কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা।

ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্ত্বর যোগাযোগ : Susrijo Institute of Agricultural Science, Technology and Management – মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Vill- Deypara P.O.- Krishnagar, Dist.- Nadia, (Beside Krishnanagar Horticulture Department) Pin- 741101. Ph.: 9832015253, 8250155379, 6290698667.

কল্যাণী স্টাডি সেন্টার : B-15/54, Kalyani, P.O & P.S Kalyani, Nadia. Ph. : 7602656588.

Web : www.siastm.org Email : siastm2020@gmail.com



**এক জানলায়**

বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর কলকাতার জন্য কর্মসংস্থান, সাপ্তাহিক ও Appointment & Career News সুখবর-এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**

**UNIQUE MEDIA CHANNEL**
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**

**Manorama Ad Agency**
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**

**SUPRIYA PUBLICITY**
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122 9830261403
Email : ashimchowdhury12@gmail.com

সমস্ত প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য যোগাযোগ করুন এই নম্বরে
9830795430
appointmentnews@gmail.com


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal. Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com

https://t.me/VISION_ACADEMY_PDF